# वागवाकात तीषिः नाहरवती

#### ভারিখ নির্দ্দেশক পত্র

# পনের দিনের মধ্যে বইথানি ফেরৎ দিতে হবে।

পত্ৰান্ধ	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ্	পত্ৰাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিথ
603	3/4/24	194			
613	210	911	·		
4/0	9/12	Jens	_		
210	20	なわ			
173	15/6/86	-10			
669	24/12				
751	8.256				
756	थ स्थ	<b>.</b>			
1249	4/6/01				
, , Y	AP7			••	
and the state of t					,

পত্ৰ†ক	প্রদানের তারিথ	গ্রহণের তারিখ	পত্ৰাপ্ক	প্রদানের তারিথ	গ্রহণের তারিথ
			, , , , ,		
X			-		
a min man and a		,		,	
					•

# ক্রি ইন্দুথর্কের নবজাগরণ



দ্বিতীয় সংস্করণ

でののへーをですり


উদ্বোধন কা**র্য্যাল**য় কলিকাভা

সর্ববস্থ সংরক্ষিত ]

[ मूला। ४० व्याना

প্ৰকাশক---

ব্ৰহ্মচারী গণেন্দ্রনাথ, উষোধন কার্য্যালয়, ১নং মুথার্জ্জি লেন, বাগবাজাহ,



COPY-RIGHTED BY
THE PRESIDENT, RAMAKRISHNA MATH,
Belur, Howrah.

শ্রীগোরান্ধ প্রেস, প্রিণ্টার—ফ্রেশচক্র মজুমদার, গুঠাই নং মির্জ্জাপুর ষ্ট্রাট্ট, কলিকাতা।



#### পরিচয়

স্বামী বিবেকানন্দের পুস্তকগুলির মধ্যে অধিকাংশই বক্তৃতাকারে প্রদত্ত হইয়াছিল, লেখার ভাগ অপেক্ষাকৃত অল্প। বর্ত্তমানে তাঁহার চারিটি ইংরাজী রচনার বঙ্গানুবাদ 'হিন্দুধর্ম্মের নবজাগরণ' নাম দিয়া প্রকাশ করা গেল।

তাঁহার আমেরিকা গমনের প্রায় এক বৎসর পরে মাদ্রাজবাসিগণ এক স্বৃত্বৎ সভায় সমবেত হইয়া তাঁহার তথায় হিন্দুধর্ম প্রচারের অছুত সাফল্যে আনন্দ প্রকাশ করিয়া এক অভিনন্দনপত্র প্রেরণ করেন। ততুন্তরে তিনি প্রাচীন ও আধুনিক শাস্ত্র ও সম্প্রদায়-সমূহের সংক্ষিপ্ত বিশ্লেষণ করিয়া হিন্দুধর্মের যথার্থ স্বরূপ বিবৃত করিয়া. শ্রীরামকৃষ্ণ-শিষ্যগণ-প্রচারিত তত্ব-সমূহের সহিত উহার সামঞ্জস্থ সাধন করিয়া এবং ভারতবাসী, বিশেষতঃ বাঙ্গালী যুবকগণকে এই সনাতন ধর্ম প্রচার জন্ম বদ্ধপরিকর হইবার নিমিন্ত ত্যাগ ব্রত গ্রহণে উৎসাহিত করিয়া যে পাণ্ডিত্য, অভিজ্ঞতা ও উদ্দীপনাপূর্ণ স্বৃত্বৎ ইংরাজী পত্র প্রেরণ করেন, প্রথমটি তাহারই বঙ্গানুবাদ।

দ্বিতীয়টিতে খেতড়িরাজের অভিনন্দনের উত্তরে হিন্দুধর্ম্মের ক্রমবিকাশের পরিচয় দিয়া ও বর্ত্তমানকালে ভগবান্ শ্রীরামকৃষ্ণদেব প্রচারিত সমশ্বরের উল্লেখ করিয়া উক্ত রাজাকে সনাতনধর্মের রক্ষণার্থ আহ্বান করা হইয়াছে। তৃতীয় ও চতুর্থ রচনাটি মাদ্রাজে প্রকাশিত 'ব্রহ্মবাদিন্' পত্রের সম্পাদককে লিখিত ভারতহিতৈষী অধ্যাপক ম্যাকৃসমূলার ও ডয়েসন সম্বন্ধীয় পত্রদ্বয়।

মূল ইংরাজীর ভাষা এরূপ জীবন্ত যে, অমুবাদে তাহার কিছুই প্রকাশ পায় নাই বলিলেও চলে। বহু পূর্বের প্রথম তিনটির অমুবাদ 'উদ্বোধন'পত্রে প্রকাশিত হয়। এক্ষণে যাহাতে এইগুলি বহু প্রচারিত হয়, তহুদদেশ্যে কিছু কিছু সংশোধন করিয়া ও শেষ লেখাটির অমুবাদ করাইয়া পুস্তিকাকারে প্রকাশ করা গেল। কারণ, সকলেরই, বিশেষতঃ বাঙ্গালীর পক্ষে জানিবার অনেক মূল্যবান্ তথ্য ইহাতে আছে। যাঁহারা ইংরাজীভাষানভিজ্ঞ, তাঁহারা এতৎপাঠে সংক্ষেপে স্বামিজীর হিন্দুধর্ম সম্বন্ধীয় মতসমূহের সহিত পরিচয় লাভ করিলে এবং ইংরাজীভাষাভিজ্ঞগণের স্বামিজীর মূল লেখার প্রতি দৃষ্টি আকৃষ্ট হইলে এই উন্তম সফল জ্ঞান করিব। ইহাতে কয়েকটি পাদটীকাও সংযোজিত হইয়াছে।

চৈত্ৰ, ১৩৩৫

ইতি— বশম্বদ প্রকাশক



8

# হিন্দুধর্শ্যের নবজাপরণ

# হিন্দুধর্মের সার্বভৌমিকতা \*

মদ্রাজ-নিবাসী স্বদেশী স্বধর্মাবলম্বী বন্ধুগণ,—

হিন্দুধর্ম প্রচারকার্য্যের জন্ম আমি যৎকিঞ্চিৎ যাহা
করিয়াছি, তাহা যে তোমরা আদরের সহিত অনুনাদন
করিয়াছ, তাহাতে আমি পরম আহলাদিত হইলাম
এই আনন্দ, আমার নিজের এবং স্তদূর বিদেশে আমার
প্রচার কার্য্যের ব্যক্তিগত প্রশংসার জন্ম নহে। আমার
আহলাদের কারণ এই;—তোমরা যে হিন্দুধর্মের
পুনরুত্থানে আনন্দিত, তাহাতে ইহাই স্পান্ট দেখাইতেছে
যে, যদিও হতভাগ্য ভারতের মস্তকের উপর দিয়া কতবার বৈদেশিক আক্রমণের ঝঞ্জাবাত গিয়াছে, যদিও শত
শত শতাকী ধরিয়া আমাদের নিজেদের উপেক্ষায় এবং
আমাদের বিজেত্গণের অবজ্ঞায় প্রাচীন আর্য্যাবর্ত্তর
মহিমা স্পান্টই মান হইয়াছে, যদিও শত শত শতাকীব্যাপী
বন্ধায় হিন্দুধর্মারপ সোধের অনেকগুলি মহিমময়
অবলম্বনস্তম্ভ, অনেক স্থানর স্থানর খিলান ও অনেক

মান্রাজ-নিবাসিগণের অভিনন্দন-পত্রের উত্তর ( ১৮৯৪ )।

অপূর্বব পার্শ্বপ্রস্তর ভাসিয়া গিয়াছে, তথাপি উহার ভিত্তি অটলভাবে এবং উহার সন্ধিপ্রস্তর অটুটভাবে বিরাজমান ; যে আধ্যাত্মিক ভিত্তির উপর হিন্দুজাতির ঈশবভক্তি ও সর্ব্বভূতহিতৈষণারূপ অপূর্ব্ব কীর্তিস্তম্ভ স্থাপিত, তাহা পূর্ববৰৎ অটুট ও অবিচলিত ভাবে বর্ত্তমান। তাঁহার অতি অনুপযুক্ত দাস আমি, ভারতে ও সমগ্র জগতে যাঁহার বাণী প্রচারের ভার প্রাপ্ত হইয়া ধন্ত হইয়াছি, তোমরা তাঁহাকে আদরপূর্ববক গ্রহণ করিয়াছ; তোমরা শ্রোমাদের স্বাভাবিক অন্তর্নিহিত আধ্যাত্মিক শক্তি বলে তাঁহাতে এবং তাঁহার উপদেশে সেই মহতী আধ্যাত্মিক বস্থার প্রথম অক্ষুট ধ্বনি শুনিয়াছ, যাহা নিশ্চিত অনতি-দীর্ঘকালে ভারতে চুর্দ্দমনীয় বেগে উপস্থিত হইবে, অনস্ত শক্তিস্রোতে যাহা কিছু তুর্বল ও দোষযুক্ত, সব ভাসাইয়া দিবে আর হিন্দুজাতির শত শত শতান্দী ধরিয়া নীরব সহিষ্ণুতার পুরস্কারস্বরূপ, তাহাদিগকে অতীত হইতেও উচ্জ্বলতর গৌরবমুকুটে ভূষিত করিয়া তাহাদের বিধি-প্রাপ্য স্বত্ব স্বরূপ, উচ্চপদবীতে উন্নীত করিবে এবং সমগ্র মানব জাতির সম্বন্ধে উহার যে কার্য্য অর্থাৎ আধ্যাত্মিকপ্রকৃতিসম্পন্ন মানবজাতির বিকাশ, তাহাও সম্পাদন করিবে।

দাক্ষিণাত্যবাসী তোমাদের নিকট আর্য্যাবর্ত্তবাসিগণ

বিশেষ ঋণী, কারণ, ভারতে আজ যে সকল শক্তি কার্য্য করিতেছে, তাহাদের অধিকাংশেরই মূল দান্দিণাতা। শেষতি ভাল্যকারগণ, যুগপ্রবর্ত্তনকারী আচার্যাগণ, যথা—শঙ্কর, রামানুজ ও মধ্ব, (১) ইহারা সকলেই দান্দিণাত্যে জন্মিয়াছিলেন। যে মহাত্মা শঙ্করের, নিকট জগতের প্রত্যেক অবৈতবাদীই অমোচ্য ঋণজালে আবদ্ধ; যে মহাত্মা রামানুজের, স্বর্গীয় স্পর্শ, পদদলিত পারিয়াগণকেও আলওয়ারে (২) পরিণত করিয়াছিল; সমগ্র ভারতে শক্তিসঞ্চারকারী আর্যাবর্ত্তের সেই একমাত্র মহাপুরুষ শ্রীকৃষ্ণতৈতন্মের অনুবর্ত্তিগণও যে মহাত্মা মধ্বের শিল্মত্ব স্বীকার করিয়াছিলেন, তাঁহাদের সকলেরই জন্মন্থান দান্দিণাত্য। বর্ত্তমানকালেও বারাণসীধামের শ্রেষ্ঠ গোরব-স্বরূপ মন্দিরসমূহে দান্দিণাত্যবাসীরই প্রাধান্য, তোমাদের ত্যাগই হিমালয়ের স্থদূরবর্ত্ত্রী চূড়ান্থিত পবিত্র দেবালয়-

<sup>(</sup>১) রামান্মজ বিশিষ্টাবৈতবাদের প্রতিষ্ঠাতা ও বেদাস্তদর্শনের উপর ঐ মতসঙ্গত ব্যাখ্যাযুক্ত শ্রীভাষ্যের রচয়িতা। বিশিষ্টাবৈতবাদ মতে চিৎ (জীব) অচিৎ (জড়) ও তাহাদের অস্তর্যামী ঈশ্বর এই তিন তত্ত্ব আছে। মধ্বাচার্য্য বৈতবাদের প্রতিষ্ঠাতা।

<sup>(</sup>২) দাক্ষিণাত্যের চণ্ডালতুল্য অস্পৃশু নীচ জাতিবিশেষকে পারিয়া বলে। আলওয়ার শব্দের অর্থ ভক্ত। বিশিষ্টাছৈতবাদী ভক্তগণকে আলওয়ার বলে।

সমূহকে শাসন করিতেছে। অতএব মহাপুরুষগণের পূতশোণিতে প্রিতধমনী, তথাবিধ আচার্য্যগণের আশীর্বাদে ধত্যজীবন, তোমরা যে ভগবান্ শ্রীরামকৃষ্ণের বাণী সর্বব প্রথম বুঝিবে ও আদরপূর্বক গ্রহণ করিবে, তাহাতে বিশ্বয়ের বিষয় কি আছে ?

দাক্ষিণাত্যই চিরদিন বেদবিদ্যার ভাগুার, স্থতরাং তোমরা বুঝিবে যে, অজ্ঞ হিন্দুধর্ম্ম-আক্রমণকারী সমা-লোচকগণের পুনঃ পুনঃ প্রতিবাদসত্বেও এখনও শ্রুতিই (১) হিন্দুধর্মের বিভিন্ন সম্প্রদায়ের মেরুদণ্ড স্বরূপ।

জাতিবিদ্যাবিৎ বা ভাষাতত্ত্ববিৎ পণ্ডিতদিগের নিকট বেদের সংহিতা ও ব্রাহ্মণভাগের (২) যতই মূল্য হউক, 'অগ্রিমীলে', 'ইষেম্বোর্জ্জেম্বা', 'শক্ষোদেবীরভীষ্টয়ে', (৩)

<sup>(</sup>১) বেদ**া** 

<sup>(</sup>২) চতুর্বেদের প্রত্যেকটিতে তিনটি করিয়া অংশ আছে।
যথা—(ক) ভিন্ন ভিন্ন দেবগণের উদ্দেশ্যে স্তোত্রাত্মক মন্ত্রসমূহের
নাম সংহিতা; (থ) এই সকল মন্ত্র কোন্ যজ্ঞে কিন্ধপে প্রয়োগ
করিতে হইবে, তাহার বর্ণাত্মক বেদভাগের নাম ব্রাহ্মণ; (গ)
অরণ্যে ঋষিগণদারা আলোচিত তদ্বসমূহের নাম আরণ্যক।
উপনিষৎসমূহ এই আরণ্যকের অস্তর্গত।

<sup>(</sup>৩) এই তিনটি যথাক্রেমে ঋক্, যজুঃ ও অথর্কবেদের প্রথম শ্লোকের অংশস্করণ।

প্রভৃতি বৈদিকমন্ত্র উচ্চারণ সহকারে ভিন্ন ভিন্ন কর্মনী বেদীযুক্ত বিভিন্ন যজ্ঞে নানাবিধ আছতি দ্বারা প্রাপ্য ফলসমূহ যতই বাঞ্চনীয় হউক, সমূদয়ই ভোগৈকফল; আর কেহই কথন এগুলি মোক্ষজনক বলিয়া তর্কে প্রবৃত্ত হয় নাই। স্কৃতরাং, আধ্যাত্মিকতা ও মোক্ষমার্গের উপদেশক জ্ঞানকাণ্ড, যাহা আরণ্যক বা শ্রুতিশির বলিয়া কথিত হয়, তাহাই ভারতে চিরকাল শ্রেষ্ঠ আসন অধিকার করিয়াছে ও চিরকাল করিবে।

সনাতন ধর্মের নানামতমতান্তররূপ গোলকধাঁধার দিগ্লান্ত, একমাত্র যে ধর্মের সার্ববজনীন উপযোগিতা, তৎপ্রচারিত 'অণোরণীয়ান্ মহতো মহীয়ান্' ব্রক্ষের অবিকল প্রতিবিশ্বস্বরূপ—পূর্বব্রান্তসংক্ষারবশবর্তী হইয়া তদ্ধর্মমর্ম্মবোধে অক্ষম, জড়বাদসর্ববস্ব জাতির নিকট ঋণসূত্রে প্রাপ্ত আধ্যাত্মিকতার মানদগুাবলম্বনে অন্ধকারে অন্বেঘণপরায়ণ, আধুনিক হিন্দুযুবক র্থাই তাঁহার পূর্ববপ্রক্ষণণের ধর্ম্ম বুঝিতে চেফ্টা করেন এবং হয় ঐ চেফ্টা একেবারে পরিত্যাগ করিয়া যোর অজ্জেরবাদী হইয়া পড়েন অথবা স্বাভাবিক ধর্ম্মভাবের প্রেরণায় পশুজীবন্যাপনে অসমর্থ হইয়া প্রাচ্যগন্ধী বিবিধ পাশ্চাত্য জড়বাদের নির্যাস অসাবধানে পান করেন এবং শ্রুতির এই ভবিম্যবাণী সফল করেন:—

পরিযন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ। (১)
তাঁহারাই কেবল বাঁচিয়া যান, যাঁহাদের আত্মা সদৃশুরুর জীবনপ্রদ স্পর্শবলে জাগ্রত হয়।
ভগবান্ ভাষ্যকার (২) ঠিকই বলিয়াছেন,—
দুর্লভং ত্রয়মেবৈতৎ দেবানুগ্রহহেতুকম্।
মনুষ্যত্বং মুমুক্ষুবং মহাপুরুষসংশ্রায়ঃ॥ (৩)

পরমাণু, দ্বাণুক, ত্রসরেণু প্রভৃতি সম্বন্ধীয় অপূর্বব সিদ্ধান্তপ্রসূ বৈশেষিকদের (৪) সূক্ষ্ম বিচারসমূহই হউক, অথবা নৈয়ায়িকদের জাতিদ্রব্যগুণসমবায় (৫) প্রভৃতি

- (৩) বিবেকচূড়ামণি, ৩। এই তিনটি অতি ফুর্লভ, দেবামু-গ্রহেই লাভ হইরা থাকে,—মন্থ্যজন্মলাভ, মোক্ষের প্রবল ইচ্ছা ও মহাপুরুষের আশ্রয়লাভ।
- (৪) দ্বাপুক = ছইটি অণ্র দশ্মিলিত অবস্থা। ত্রসরেণু তিনটি দ্বাপুকের দশ্মিলিত অবস্থা। (বৈশেষিক) হিন্দুদর্শন প্রধানতঃ ছয়টি—
  >। বৈশেষিক—কণাদপ্রণীত, ২। স্থায়—গৌতমপ্রণীত, ৩।
  সাংখ্য—কপিল প্রণীত, ৪। যোগ—পতঞ্জলিপ্রণীত, ৫। পূর্ব্বমীমাংসা (ইহাতে বৈদিক ক্রিয়াকাণ্ডের মীমাংসা আছে)—
  কৈমিনিপ্রণীত, ৬। বেদান্ত বা ব্যাসস্ত্র—ব্যাসপ্রণীত।
  - (৫) দ্রবা—ভারমতে দ্রব্য নয়টি, যথা,—পৃথিবী, জল, তেজ,

<sup>(&</sup>gt;) কঠোপনিষদ্। অন্ধের দ্বারা নীয়মান অন্ধের স্থায় মৃঢ়েরা নানা দিকে ঘুরিয়া বেড়ায়।

<sup>(</sup>২) **শ্রীশঙ্ক**রাচার্য্য।

বস্তুসম্বন্ধীয় অপূর্বতর বিচারাবলীই হউক, অথবা পরিণামবাদের জনকস্বরূপ সাংখ্যদিগের তদপেক্ষা গভীরতর চিন্তাগতিই হউক, অথবা এই বিভিন্নরূপ বিশ্লেষণাবলীর স্থপক ফলস্বরূপ ব্যাসসূত্রই হউক, মনুষ্যমনের এই সকল বিবিধ সংশ্লেষণ ও বিশ্লেষণের একমাত্র ভিত্তি শ্রুতি। এমন কি, বৌদ্ধ বা জৈনদিগের দার্শনিক গ্রন্থাবলীতেও শ্রুতির সহায়তা পরিত্যক্ত হয় নাই, আর অন্ততঃ কতকগুলি বৌদ্ধ-সম্প্রদায়ে এবং জৈনদের অধিকাংশ গ্রন্থে শ্রুতির প্রামণ্য সম্পূর্ণরূপে স্বীকৃত হইয়া থাকে; তবে তাঁহারা শ্রুতির কোন কোন অংশকে ব্রাহ্মণগণ কর্তৃক প্রক্ষিপ্ত বলিয়া 'হিংসক' শ্রুতি আখ্যা দেন—এবং সেগুলির প্রামাণ্য স্বীকার করেন না। বর্ত্তমান কালেও স্বর্গীয়

বায়, আকাশ, দিক, কাল, আত্মা ও মন। জাতি—কতকগুলি
বস্তুর সাধারণ ধর্মা, যাহা ছারা শ্রেণী বিভাগ করা যাইতে পারে,
যেমন পশুত্ব, মনুযাত্ব। গুণ—ভাগর মতে গুণ বলিতে—রূপ, রস,
গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমিতি, পৃথকত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব,
অপরত্ব, বৃদ্ধি, ঠুণ, ছংথ, ইচ্ছা, ছেষ, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ,
সংস্কার, অদৃষ্ট ও শব্দ, এই কয়েকটিকে বুঝার। সমবার—যেমন
ঘটে ও যে মৃত্তিকার উহা নির্ম্মিত, তাহাদের মধ্যে সমবার
সম্বন্ধ।

মহাত্মা স্বামী দরানন্দ সরস্বতীও (১) এতবিধ মত পোষণ করিতেন।

যদি কেই জিজ্ঞাসা করেন, প্রাচীন ও বর্ত্তমান সমুদ্য় ভারতীয় চিন্তাপ্রণালীর কেন্দ্র কোথায়, যদি কেই নানাবিধ শাখাপ্রশাখাবিশিষ্ট হিন্দুধর্ম্মের প্রকৃত মেরুদগু কি, জানিতে চান, তবে অবশ্য ব্যাসস্ত্রকেই এই কেন্দ্র, এই মেরুদণ্ড বলিয়া প্রদর্শিত হইবে।

হিমাচলস্থিত অরণ্যানীর হৃদয়স্তব্ধকারী গান্তীর্য্যের মধ্যে স্বর্ণদীর গভীর ধ্বনিমিশ্রিত অবৈতকেশরীর অস্তি-ভাতি-প্রিয়রূপ (২) বজ্রগন্তীর রবই কেছ শ্রবণ করুন, অথবা রুদ্দাবনের মনোহর কুঞ্জসমূহে 'পিয়া পীতম্' (৩) কুজনই শ্রবণ করুন, বারাণসীধামের মঠসমূহে সাধু-দিগের গভীর ধ্যানেই যোগদান করুন, অথবা নদীয়া-

<sup>(</sup>১) আর্য্যসমাজের বিখ্যাত প্রতিষ্ঠাতা। ইঁহার মত পঞ্জাবে খুব প্রচলিত। ব্রাহ্মদের দক্ষে ইঁহারা অনেক বিষয়ে একমত।

<sup>(</sup>২) অবৈতকেশরী—অবৈতবাদরূপ সিংহ অর্থাৎ সর্ব্বমতশ্রেষ্ঠ অবৈতবাদ। অস্তি, ভাতি ও প্রিয় = সৎ, চিৎ, আনন্দ। এই তিনটি শব্দ পঞ্চদশীতে ব্যবহৃত হইয়াছে।

<sup>(</sup>৩) ভাবুক বৈষ্ণবেরা, বৃন্দাবনের কুঞ্জমধ্যে বিহঙ্কগণের গীতি-মধ্যে এই ধ্বনি শুনিতে পান—অর্থ, রাধাক্ষণ্ড।

বিহারী শ্রীগোরাঙ্গের ভক্তগণের উন্মাদন্ত্যে যোগদানই করুন, বড়গেলে তের্পেলে (১) প্রভৃতি শাখাযুক্ত বিশিষ্টাবৈতমতাবলম্বী আচার্য্যগণের পাদমূলেই উপবেশন করুন, অথবা মাধ্ব সম্প্রদায়ের আচার্য্যগণের বাক্যই শ্রদ্ধাসহকারে শ্রবণ করুন, গৃহী শিখদিগের 'ওয়া গুরুকি ফতে' (২) রূপ সমরবাণীই শ্রবণ করুন, অথবা উদাসী ও নির্ম্বলাদিগের গ্রন্থসাহেবের (৩) উপদেশই শ্রবণ করুন, কবীরের সম্মাসী শিয়্যগণকে সৎসাহেব (৪) বলিয়া অভিবাদনই করুন, অথবা

<sup>(</sup>১) প্রথমোক্তটি সংস্কৃত ভাষার রচিত শান্ত অর্থাৎ প্রাচীন বেদ বেদান্ত প্রভৃতি ও আধুনিক শ্রীভাষ্য প্রভৃতিকে অধিক প্রামাণ্য জ্ঞান করেন। দ্বিতীয়োক্তেরা দিব্যপ্রবন্ধ নামক ভামিদ ভাষার রচিত গ্রন্থের বিশেষ পক্ষপাতী। আরো অনেক অনেক বিষয়ে উভয়ের মতভেদ আছে।

<sup>(</sup>২) গুরুর জয় হউক।

<sup>(</sup>৩) উদাসী ও নির্দ্মলা হুইটি নানকপন্থী সম্প্রদায়। প্রথমটি নানাকের পুত্র প্রীচাঁদ কর্তৃক স্থাপিত; দ্বিতীয়টি গুরুগোবিন্দ স্থাপিত। গ্রন্থ সাহেব—নানকপন্থীদের ধর্ম্মগ্রন্থ। ইহাতে নানক হুইতে গুরুগোবিন্দ পর্যান্ত দশগুরুর উপদেশ লিখিত আছে। শিখেরা এই গ্রন্থকে দেবভার স্থায় পূজা করিয়া থাকে। সাহেব শব্দের অর্থ মাননীয়।

<sup>(8)</sup> शृष्यनीय माधु।

সখীসম্প্রদায়ের ভজনই শ্রবণ করুন; রাজপুতানার সংস্কারক দাতুর অদ্ভূত গ্রন্থাবলি বা তাঁহার শিয়্য রাজা স্থন্দরাদাস ও তাঁহা হইতে ক্রমশঃ নামিয়া বিচারসাগরের বিখ্যাত রচয়িতা নিশ্চলদাদের গ্রন্থই (ভারতে গত তিন শতান্দী ধরিয়া যত গ্রন্থ লিখিত হইয়াছে, সকলের অপেক্ষা এই বিচারসাগরগ্রস্থের ভারতীয় জনসমাজে প্রভাব অধিক) পাঠ করুন, এমন কি, আর্য্যাবর্ত্তের ভাঙ্গীমেথরগণকে তাঁহাদের লালগুরুর উপদেশ বিরুত করিতেই বলুন, তিনি দেখিবেন, এই আচার্যাগণ ও সম্প্রদায়সমূহ, সকলেই সেই ধর্মপ্রণালীর অনুবর্তী, শ্রুতি যাহার প্রামাণ্যগ্রন্থ, গীতা যাহার ভগবন্ধকু বি-নিংস্ত টীকা, শারীরক ভাষ্য (১) যাহার স্থপ্রণালীবন্ধ বিবৃতি আর পরমহংস পরিব্রাজকাচার্য্যগণ হইতে লাল-গুরুর দ্বণিত মেথর শিষ্যগণ পর্যান্ত ভারতের সমুদয় বিভিন্ন সম্প্রদায়, যাহার বিভিন্ন বিকাশ।

অতএব দৈত, বিশিষ্টাদৈত, অদৈত, এবং আরো কতকগুলি অনতিপ্রসিদ্ধ ব্যাখ্যাযুক্ত এই প্রস্থানত্রয় (২)

<sup>(</sup>১) শ্রী**শঙ্ক**রপ্রণীত বেদাস্ত ভাষ্য।

<sup>(</sup>২) উপনিষদ্, গীতা ও বেদান্ত। সন্ন্যাসিগণ এই প্রস্থানত্তর শিক্ষা করিতে বাধ্য।

হিন্দুধর্ম্মের প্রমাণ্য গ্রন্থসরূপ, প্রাচীন নারশংসীর (১) প্রতিনিধিস্বরূপ পুরাণ উহার উপাখ্যানভাগ এবং বৈদিক ব্রাহ্মণভাগের প্রতিনিধিস্বরূপ তন্ত্র উহার কর্ম্মকাণ্ড।

পূর্বেবাক্ত প্রস্থানত্রর সকল সম্প্রদায়েরই প্রামাণ্যগ্রন্থ, কিন্তু প্রত্যেক সম্প্রদায়ই পৃথক্ পৃথক্ পুরাণ ও তন্ত্রকে প্রমাণস্বরূপে গ্রহণ করিয়া থাকেন।

আমর। পূর্বেই বলিয়াছি, তন্ত্রগুলি বৈদিক কর্ম্ম-কাণ্ডেরই একটু পরিবর্ত্তিত আকারমাত্র, আর কেছ উহাদের সম্বন্ধে হঠাৎ একটা অসম্বন্ধ সিদ্ধান্ত করিবার পূর্বেই তাঁহাকে আমি ব্রাহ্মণ ভাগ, বিশেষতঃ, অম্বর্যু-ব্রাহ্মণ ভাগের সহিত মিলাইয়া তন্ত্র পাঠ করিতে পরামর্শ দিই; তাহা হইলে তিনি দেখিবেন, তন্ত্রে ব্যবহৃত অধিকাংশ মন্ত্রই অবিকল ব্রাহ্মণ হইতে গৃহীত। ভারতবর্ষে তন্ত্রের প্রভাব কিরূপ, জিজ্ঞাসা করিলে বলা যাইতে পারে যে, গ্রোত ও ম্মার্ত্ত কর্ম্ম ব্যতীত হিমালয় হইতে ক্যাকুমারী পর্যন্ত সমুদ্র প্রচলিত কর্ম্মকাগুই তন্ত্র হইতে গৃহীত আর উহা শাক্ত, শৈব, বৈষ্ণব প্রভৃতি সকল সম্প্রদারেরই উপাসনাপ্রণালীকে নিয়মিত করিয়া থাকে।

অবশ্য, আমি এ কথা বলি না ষে, সকল হিন্দুই (১) সংহিতা

সম্পূর্ণভাবে তাঁহাদের স্বধর্মের এই সকল মূল সম্বন্ধে অবগত আছেন। অনেকে, বিশেষতঃ নিম্নবঙ্গে, এই সম্প্রদায় ও প্রণালীসমূহের নাম পর্যান্ত শুনেন নাই; কিন্তু জ্ঞাতসারেই হউক বা অজ্ঞাতসারেই হউক, পূর্বেবাক্ত তিন প্রস্থানের উপদেশামুসারে সকল হিন্দুই চলিয়াছেন।

অপর দিকে, যেখানেই হিন্দী ভাষা কথিত হয়, তথা-কার অতি নীচজাতি পর্যান্ত নিম্নবঙ্গের অনেক উচ্চতম জাতি হইতে বৈদান্তিক ধর্ম্মসম্বন্ধে অধিক অভিজ্ঞ।

ইহার কারণ কি १

মিথিলাভূমি হইতে নবদীপে আনীত, শিরোমণি, গদাধর, জগদীশ প্রভৃতি মনীধিগণের প্রতিভায় সম্বত্নে লালিত ও পরিপুষ্ঠ, কোন কোন বিষয়ে সমগ্রজগতের অন্থান্য সম্পুর প্রণালী হইতে শ্রেষ্ঠ, অপূর্বব স্থানিক বাক্শিয়ে রচিত, তর্কপ্রণালীর বিশ্লেষণস্বরূপ বঙ্গদেশীয় ভ্যায়শাল্র হিন্দুস্থানের সর্বত্র শ্রজার সহিত পঠিত হইয়া থাকে। কিন্তু তুংখের বিষয়, বেদের চর্চ্চায় বঙ্গবাসীর বত্ন হা এমন কি, কয়েক বর্ষ মাত্র পূর্বেব পতঞ্লেলির মহাভান্য (১) পড়াইতে পারেন, এমন কেহ বঙ্গদেশে

<sup>(</sup>১) পাণিনি-ব্যাকরণের ভাষা। বেদশিক্ষা করিতে ২ইলে পাণিনির বিশেষ আবশুক হইয়া থাকে।

ছিলেন না বলিলেই হয়। একবার মাত্র এক মহতী প্রতিভা সেই 'অবচ্ছিন্ন অবচ্ছেদক' (১) জাল ছেদন করিয়া উথিত হইয়াছিলেন—ভগবান্ শ্রীকৃষ্ণটৈতশ্য। একবার মাত্র বঙ্গের আধ্যাত্মিক তন্দ্রা ভাঙ্গিয়াছিল; কিছু দিনের জন্ম উহা ভারতের অপরাপর প্রদেশের ধর্ম-জীবনের সহভাগী হইয়াছিল।

একটু বিশ্বয়ের বিষয় এই, ঐতিচতম্য একজন ভারতীর নিকট সন্ন্যাস লইয়াছিলেন, স্বতরাং ভারতী (২) ছিলেন বটে, কিন্তু মাধবেন্দ্রপুরীর শিশু ঈশ্বরপুরীই প্রথম তাঁহার ধর্মপ্রতিভা জাগ্রত করিয়া দেন।

বোধ হয় যেন পুরীসম্প্রদায় বঙ্গদেশের আধ্যাত্মিকতা জাগাইতে বিধাতা কর্তৃক নির্দ্দিষ্ট। ভগবান্ শ্রীরামকৃষ্ণ তোতাপুরীর নিকট সম্মাসাশ্রম গ্রহণ করেন।

শ্রীচৈতন্য ব্যাসসূত্রের যে ভাষ্য লিখেন, তাহা হয় নফ হইয়াছে, না হয়, এখন পর্যান্ত পাওয়া যায় নাই। তাঁহার শিষ্মেরা দাক্ষিণাত্যের মাধ্যসম্প্রদায়ের সহিত

<sup>(</sup>১) স্থায়ে ব্যবহাত শব্দহয়—অবচ্ছিন্ন শব্দের অর্থ বিশিষ্ট, যাহা দারা সীমাবদ্ধ করে, অবচ্ছেদকের অর্থ—যে বিশিষ্ট করে।

<sup>(</sup>২) শঙ্করাচার্য্যের শিশ্বগণ দশটি সন্ন্যাসী সম্প্রদার স্থাপন করেন। ইহাদিগকে দশনামী বলে। যথা, গিরি, পুরী, ভারতী, বন, অরণ্য, পর্বত, সাগর, তীর্থ, সরস্বতী, আশ্রম।

বোগ দিলেন। ক্রমশং রূপসনাতন ও জীবগোস্বামী প্রভৃতি মহাপুরুষগণের আসন বাবাজীগণ অধিকার করিলেন। তাহাতে শ্রীচৈতন্মের মহান্ সম্প্রদায় ক্রমশং ধ্বংসাভিমুখে যাইতেছিল, কিন্তু আজকাল উহার পুনরভ্যা-খানের চিহ্ন দেখা বাইতেছে। আশা করি, উহা শীঘ্রই আপন লুপ্তগোরব পুনরুদ্ধার করিবে।

সমৃদয় ভারতেই ঐতিতত্যের প্রভাব লক্ষিত হয়।
যেখানেই লোক ভক্তিমার্গ জানে, সেখানেই তাঁহার
বিষয় লোকে আদরপূর্বক চর্চা করিয়া থাকে ও তাঁহার
পূজা করিয়া থাকে। আমার বিশ্বাস করিবার অনেক
কারণ আছে যে, সমৃদয় বল্লভাচার্য্যসম্প্রদায় (১) ঐতিচত্য
সম্প্রদায়ের শাখাবিশেষ মাত্র। কিন্তু তাঁহার তথাকথিত
বঙ্গীয় শিশ্বগণ জানেন না, তাঁহার প্রভাব এখনও কিন্তুপে
সমগ্র ভারতে কার্য্য করিতেছে। কিন্তুপেই বা জানিবেন ?
শিশ্বগণ গদিয়ান হইয়াছেন, কিন্তু তিনি নয়পদে ভারতের
ঘারে ঘারে বেড়াইয়া আচণ্ডালকে ভগবানের প্রতি
প্রেমসম্পন্ন হইতে ভিক্ষা করিতেন।

যে অভূত ও অশান্তীয় কুলগুরুপ্রথা, বঙ্গদেশ এবং অধিক পরিমাণে বঙ্গদেশেই প্রচলিত, তাহাও উহার,

<sup>(&</sup>gt;) दिक्षवमच्छानाव्यतिरामव । वज्ञाञार्गा विकृषायीत निया । वहें मच्छानाव दांचारे व्यक्षता थूव छातन ।

ভারতের অভাভ প্রদেশের ধর্মজীবন হইতে পৃথক্ থাকিবার আর একটি কারণ। সর্বপ্রেধান কারণ এই যে, বঙ্গদেশ এখন পর্যান্ত যাঁহারা সর্বোচ্চ ভারতীর আধ্যাত্মিক সাধনের প্রতিনিধি ও ভাণ্ডারম্বরূপ, সেই মহান্ সন্ধ্যাসিসম্প্রদায়ের জীবন হইতে কখন শক্তিপ্রাপ্ত হয় নাই।

বঙ্গের উচ্চবর্ণের। ত্যাগ ভালবাসেন না, তাঁহাদের ঝোঁক ভোগের দিকে। তাঁহারা কিরূপে আধ্যাত্মিক বিষয়ে গভীর অন্তর্দিষ্টি লাভ করিবেন? 'ত্যাগে-নৈকে অমৃতত্বমানশুঃ', (১) অন্যপ্রকার কিরূপে সম্ভব হইবে?

অপর দিকে, সমুদ্র হিন্দীভাষী ভারতের মধ্যে ক্রমান্বরে অনেক স্ভূব্ব্যাপিপ্রভাবসম্পন্ন মহা মহা ত্যাগী আচার্য্যগণ বেদান্তের মত প্রতি গৃহে প্রবিষ্ট করাইয়া দিয়াছেন। বিশেষতঃ পঞ্জাবকেশরী রণজিৎ সিংহের রাজত্বকালে ত্যাগের যে মহিমা প্রচারিত হয়, তাহাতে অতি নিম্নশ্রেণীর লোকেও বেদান্তদর্শনের উচ্চতম উপদেশ পর্যান্ত শিক্ষা পাইয়াছে। প্রকৃত গর্বের সহিত পাঞ্জবী কৃষকবালিকা বলিয়া থাকে তাহার চরকা পর্যান্ত সোহহং সোহহং ধ্বনি করিতেছে। আর আমি

<sup>( &</sup>gt; ) একমাত্র ত্যাগের দ্বারাই অমৃতত্ব অর্থাৎ মুক্তিলাভ হয়।

ষ্ণবীকেশের (১) জঙ্গলে সন্ন্যাসিবেশধারী মেথরত্যাগীদিগকে বেদাস্ত পাঠ করিতে দেখিয়াছি। অনেক
গর্বিত উচ্চবর্ণের লোকও তাঁহাদের পদতলে বসিয়া
আনন্দের সহিত উপদেশ প্রাপ্ত হইতে পারেন। কেনই
বা না করিবেন ? 'অস্ত্যাদপি পরোধর্ম্মঃ।'(২)

অতএব উত্তর পশ্চিমাঞ্চল ও পঞ্জাববাসীরা, বঙ্গদেশ, বোম্বাই ও মাজাজের অধিবাসিগণ হইতে ধর্মবিষয়ে অধিক শিক্ষিত। দশনামী, বৈরাগী, পন্থী (৩) প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ের ত্যাগী পরিব্রাজকগণ প্রত্যেকের বারে বারে গিয়া ধর্ম বিলাইতেছেন। মূল্য এক টুক্রা কটিমাত্র। আর তাঁহাদের মধ্যে অনেকে কি মহৎ ও নিঃস্বার্থচরিত্র! কাচুপন্থী সম্প্রদায়ভুক্ত (বাঁহারা প্রচলিত কোন সম্প্রদায়ের সহিত মিশিতে চান না)

<sup>(</sup>১) হরিদার হইতে ১২ মাইল দূরে হিমালয়ের পাদদেশে অবস্থিত সাধুদের তপোভূমি। এথানে নানা সম্প্রদারের সাধু কুটীর বাঁধিয়া বর্ধাকাল ব্যতীত ৮ মাদ সাধনভজন শান্তপাঠাদি করেন।

<sup>(</sup>২) নীচ ব্যাক্তিগণের নিকট হইতেও শ্রেষ্ঠধর্ম্ম গ্রহণ করিবে। (মহুসংহিতা)।

<sup>(</sup>৩) বৈষ্ণবসাধুগণকে বৈরাগী বলে। পছী, যথা,—কবীর-পছী, নানকপছী প্রাকৃতি।

একজন সন্ন্যাসী আছেন।(১) তিনি উপলক্ষ্য হইয়া সমৃদয় রাজপুতানায় শত শত বিদ্যালয় ও দাতব্য আশ্রম স্থাপন করিয়াছেন। তিনি জঙ্গলের ভিতর হাঁসপাতাল খুলিয়াছেন, হিমালয়ের তুর্গম গিরিনদীর উপরে লোহসেতু নির্মাণ করাইয়াছেন, কিন্তু তিনি কখন মুদ্রা স্পর্শ করেন না: তাঁহার একখানি কম্বল ছাড়া সাংসারিক সম্বল আর কিছুই নাই, এই জন্ম তাঁহাকে লোকে কম্লী স্বামী বলিয়া ডাকে—তিনি স্বারে স্বারে মাধুকরী দারা আহার সংগ্রহ করেন। আমি তাঁহাকে কখন এক বাড়ীতে স্থলভিক্ষা করিতে দেখি নাই, পাছে গৃহস্থের কোন ক্লেশ হয়। আর এরূপ সাধু তিনি একা নহেন, এরূপ শত শত সাধু রহিয়াছেন। তোমরা কি মনে কর, যত দিন এই ভূদেবগণ ভারতে জীবিত থাকিয়া তাঁহাদের দেবচরিত্ররূপ চুর্ভেদ্য প্রাচীর দ্বারা সনাতন ধর্মকে রক্ষা করিতেছেন, তত দিন এই প্রাচীন ধর্ম্মের বিনাশ হইবে १

এই দেশে ( আমেরিকায় ) পাদরিগণ বৎসরের মধ্যে ছয় মাস মাত্র প্রতি রবিবার তুই ঘণ্টা ধর্মপ্রচারের জন্ম ৩০,০০০, ৪০,০০০, ৫০,০০০, এমন কি, ৯০,০০০ টাকা পর্যান্ত বেতন পাইয়া থাকেন। আমেরিকাবাসিগণ

<sup>(</sup>১) ইনি ইহার কয়েক বর্ষ পরে দেহরক্ষা করিয়াছেন।

তাঁহাদের ধর্ম্মরকার জন্ম কত লক্ষ লক্ষ মুদ্রা ব্যয় করিতেছেন আর বাঙ্গালী যুবকগণ শিক্ষা পাইয়াছেন, কম্লি স্বামীর ন্যায় এই সকল দেবতুল্য সম্পূর্ণ নিঃস্বার্থ ব্যক্তিগণ অলস ভবযুরে মাত্র!

'মন্তক্রানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্তত্যা মতাঃ।' (১)।
 একটি চূড়ান্ত দৃষ্টান্ত লও—একজন অতি অজ্ঞ বৈরাগীর কথা ধর। তিনিও যখন কোন গ্রামে গমন
করেন, তিনিও তুলসীদাস (২) বা চৈতক্যচরিতামৃত
হইতে যাহা জানেন, অথবা দাক্ষিণাত্যে হইলে আলওয়ারদিগের নিকট হইতে যাহা জানেন, তাহা শিখাইতে
চেষ্টা করেন। ইহা কি কিছু উপকার করা নহে 
তুলার এই সমুদয়ের বিনিময়ে তাঁহার প্রাপ্য এক টুকরা
কৃটি ও একখণ্ড কোপীন। ইহাঁদিগকে নির্দয়ভাবে
সমালোচনা করিবার পূর্বের, ল্রাভূগণ, তোমরা চিন্তা
কর, তোমাদের স্বদেশবাসিগণের জন্ম কি করিয়াছ,
যাহাদের ব্যয়ে তোমরা শিক্ষা পাইয়াছ, যাহাদিগকে

<sup>(</sup>১) আদি পুরাণের এক স্লোচেকর অংশ। 'আমার ভক্তের বাহারা ভক্ত, তাহারাই আমার শ্রেষ্ঠ ভক্ত, এই আমার মড'।

<sup>(</sup>২) স্বনামখ্যাত সাধু। ইঁহার রচিত রামারণ হিন্দুস্থানীরা অতি ভক্তিপূর্বক পাঠ করিয়া থাকেন। ইঁহার দোঁহাগুলিও অতি গভীর উপদেশপূর্ণ।

শোষণ করিয়া তোমাদের পদগোরব রক্ষা করিতে হয়, ও 'বাবাজীগণ কেবল ভবঘুরে মাত্র' এই শিক্ষার জন্ম তোমাদের শিক্ষকগণকে, বেতন দিতে হয়।

আমাদের কতকগুলি স্থদেশী বঙ্গবাসী হিন্দুধর্ম্মের এই পুনরুপানকে হিন্দুধর্মের 'নৃতন বিকাশ' বলিয়া তাহার সমালোচনা করিয়াছেন। তাঁহারা উহাকে 'নৃতন' আখ্যা দিতে পারেন। কারণ, হিন্দুধর্ম সবে মাত্র বাঙ্গলা দেশে প্রবেশ করিতেছে; এখানে এতদিন ধর্ম্ম বলিতে কেবল আহার বিহার ও বিবাহ-সম্বন্ধীয় কতকগুলি দেশাচার্যাত্রকেই বুঝাইত।

রামকৃষ্ণ-শিষাগণ হিন্দুধর্ম্মের যে ভাব সমগ্র ভারতে প্রচার করিতেছেন, তাহা সংশাল্তের অমুমোদিত কি না, এই ক্ষুদ্র পত্রে সেই গুরুতর প্রশ্নের বিচারের স্থান নাই। তবে আমি আমার সমালোচকগণকে কতকগুলি সক্ষেত্ত দিব, যাহাতে তাঁহারা আমাদের মত বুঝিতে অনেক সাহায্য পাইবেন!

প্রথমতঃ আমি কখন এরূপ তর্ক করি নাই বে, কৃত্তি-বাস ও কাশীদায়ের গ্রন্থ হইতে হিন্দুধর্দ্মের যথার্থ ধারণা হইতে পারে, বদিও তাঁহাদের কথা 'অমুভসমান' এবং বাঁহারা উহা শুনেন, তাঁহারা 'পুণ্যবান্'। হিন্দুধর্ম বুঝিতে হইলে বেদ ও দর্শন পড়িতে হইবে এবং সমুদয় ভারতের

প্রধান প্রধান ধর্ম্মাচার্য্য এবং তাঁহাদের শিষ্যগণের উপদেশাবলি জানিতে হইবে।

ভাতৃগণ, যদি তোমরা গৌতমসূত্র হইতে আরম্ভ করিয়া বাৎস্থায়ন ভায়ের আলোকে 'আপ্ত' (১) সম্বন্ধে তাঁহার মত পাঠ কর, শবর ও অস্থান্থ ভাষ্যকারগণের সাহায্যে যদি মীমাংসকগণের মত আলোচনা কর, অলোকিক, প্রতাক্ষ ও আপ্ত সম্বন্ধে এবং সকলেই আপ্ত হইতে পারে কিনা এবং এইরূপ আপ্তদিগের বাক্য বলিয়াই যে বেদের প্রামাণ্য, এই সকল বিষয়ে তাঁহাদের মত যদি অধ্যয়ন কর, যদি তোমাদের মহীধরকৃত যজুর্বেবদভায়ের উপক্রমণিকা দেখিবার অবকাশ থাকে, তবে তাহাতে দেখিবে, মানবের আধ্যাত্মিক জীবন ও বেদের নিয়মাবলি সম্বন্ধে আরও স্থন্দর স্থন্দর বিচার আছে। তাঁহারা তাই সিদ্ধান্ত করিয়াছেন, বেদ অনাদি অনন্ত।

'স্প্তির অনাদিত্ব' মত সম্বন্ধে বক্তব্য এই, ঐ মত, কেবল হিন্দুধর্ম্মের নহে, বৌদ্ধ ও জৈনধর্ম্মেরও উহা একটি প্রধান ভিত্তি।

এক্ষণে, ভারতীয় সমুদয় সম্প্রদায়কে মোটামুটি জ্ঞান-মার্গী বা ভক্তিমার্গী বলিয়া শ্রেণীবদ্ধ করা যাইতে পারে।

<sup>(</sup>১) যিনি পাইরাছেন — যিনি আত্মতত্ত্বের সাক্ষাৎ করিয়া-ছেন। মহয়ত্বভাব-স্থলভ দুর্বলভাবিমুক্ত পুরুষ।

যদি তোমরা শ্রীশঙ্করাচার্য্যকৃত শারীরক ভাষ্ট্রের ক্রমণিকা পাঠ কর, তবে দেখিবে, তথায় জ্ঞানের 'নিরপেক্ষতা' সম্পূর্ণভাবে বিচারিত হইয়াছে আর এই সিদ্ধান্ত করা হইয়াছে যে, ত্রন্ধানুভূতি ও মোক্ষ কোনরূপ অনুষ্ঠান, মত, বর্ণ, জাতি বা সম্প্রদায়ের উপর নির্ভর করে না। যে কোন ব্যক্তি সাধনচতুষ্টরসম্পন্ন, (১) সেই ইহার অধিকারী! সাধনচতৃষ্টয় সম্পূর্ণ চিত্তশুদ্ধিকর কতকঞ্চল অমুষ্ঠানমাত্র।

ভক্তিমার্গসম্বন্ধে বক্তব্য এই, বাঙ্গালী সমালোচকগণও বেশ জানেন যে, কতকগুলি ভক্তিমার্গের আচার্য্য বলিয়াছেন, মুক্তির জন্ম জাতি বা লিজে কিছু আসিয়া যায় না, এমন কি মনুয়জন্ম পর্যান্ত আবশ্যক একমাত্র প্রয়োজন—ভক্তি।

23 ACC >2866 0212025

<sup>(</sup>১) ১। নিত্যানিত্যবস্তবিবেক—ব্রহ্ম নিতা ও *জগ*ৎ অনিত্য-এই তদ্বের বিচার। ২। ইহামুত্রফলভোগবিরাগ-সাংসারিক স্থথে ও পারলোকিক স্বর্গাদিভোগে বিতৃষ্ণা। ৩। শমাদি বটসম্পত্তি (ক) শন্ব--চিত্তসংযম (থ) দম--ইন্দ্রিয়সংযম (গ) উপরতি —সন্ন্যাস ও চিত্তবৃত্তির উপরম (ঘ) তিতিকা—প্রতীকার ও চিস্তা-বিলাপশৃত্ত হইয়া দমুদর ছঃখদহন (ঙ) শ্রদ্ধা—গুরুবেদাস্কবাক্যে বিশ্বাস (চ) সমাধান—ব্ৰক্ষে চিত্তের একাগ্রতা। ৪। মুমুশ্ব— মোক্ষণাভের জন্ম প্রবল ইচ্ছা। বে স্থ, ১ম অ, ১ম পা, ১ম গুরীরক্ল ভাষা দেখ।

জ্ঞান ও ভক্তি সর্বত্র নিরপেক্ষ বলিয়া প্রচারিত হইয়াছে। স্বতরাং কোন আচার্যাই এরপ বলেন নাই যে, মুক্তিলাভে কোন বিশেষ মতাবলম্বীর, বিশেষ বর্ণের বা বিশেষ জাতির অধিকার। এ বিষয়ে 'অন্তরা ঢাপি তু তদ্দ্টে:' (১) এই রেদান্তসূত্রের উপর শঙ্কর, রামানুজ ও মধ্বকৃত ভাষ্য পাঠ কর।

সমৃদর উপনিষদ্ অধারন কর; এমন কি, সংহিতা পর্যান্ত অমুসন্ধান কর; কোথাও অস্তান্ত ধর্মের স্থার মোক্ষের সঙ্কীর্ণ ভাব পাইবে না; অপর ধর্মের প্রতি সহামুভূতির ভাব সর্ববত্রই রহিয়াছে। এমন কি, অধ্বর্যাবেদের সংহিতাভাগের চত্বারিংশৎ অধ্যারের তৃতীর বা চতুর্থ শ্লোকে আছে,—( যদি আমার ঠিক স্মরণ থাকে) 'ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসিসনাং।' (২) এই ভাব হিন্দুধর্মের সর্ববত্র রহিয়াছে। ভারতে কেহ কি কথন নিজ ইউদেবতা নির্বাচনের জন্ম অথবা

<sup>(</sup>১) বেদাস্তস্ত্র ৩।৪।৩৬। ইহার অর্থ এই শাস্ত্রে দেখা বায়, অনেক ব্যক্তি কোন আশ্রমবিশেষ অব্লয়ন করিয়াও জ্ঞানে অধিকারী হইয়াছিলেন।

<sup>(</sup>২) গীতাতেও আছে। ৩র অ, ২৬ শ্লোক। অর্থ—বাহারা কর্ম্মকেই শ্রেষ্ঠ বলিয়া মনে করিয়া কর্ম্মে আসক্ত, সেই অজ্ঞগণকে জ্ঞানের কথা বলিয়া জ্ঞানী ব্যক্তি তাহাদের মতি বিচলিত করিবেন না।

নাস্তিক বা আজ্ঞেয়বাদী হইবার জন্ম নিগৃহীত হইয়াছেন, যতদিন তিনি সামাজিক নিয়ম মানিয়া চলিয়াছেন ? সামাজিক নিয়মভঙ্গাপরাধে সমাজ যে কোন বাক্তিকে শাসন করিতে পারেন, কিন্তু কোন ব্যক্তি, এমন কি, অতি নীচ পতিত পর্য্যন্ত কখন হিন্দুধর্মমতে মুক্তির অনধিকারী নহে। এই তুইটি এক**সঙ্গে** মিশাইয়া গোল করিও না। ইহার উদাহরণ দেখ। মালাবারে একজন চণ্ডালকে. একজন উচ্চবর্ণের লোকের সঙ্গে এক রাস্থায় চলিতে দেওয়া হয় না, কিন্তু সে মুসলমান বা খ্রীশ্চিয়ান হইলে তাহাকে অবাধে সর্ববত্র যাইতে দেওয়া হয়, আর এই নিয়ম একজন হিন্দুরাজার রাজ্যে কত শতাবদী ধরিয়া রহিয়াছে। ইহা একটু অদ্ভুত রকমের বোধ হইতে পারে, কিন্তু অতিশয় প্রতিকূল অবস্থার ভিতরও অপরাপর ধর্মের প্রতি হিন্দুধর্ম্মের সহামুভূতির ভাব ইহাতে প্রকাশ করিতেছে।

হিন্দুধর্ম এই এক বিষয়ে জগতের অস্থাম্থ ধর্ম হইতে পৃথক, এই এক ভাব প্রকাশ করিতে সাধুগণ সংস্কৃত-ভাষার সমুদয় শব্দরাশি প্রায় নিংশেষিত করিয়াছেন যে, মানুষকে এই জীবনেই ব্রহ্ম উপলব্ধি করিতে হইবে আর অবৈত্বাদ আর একটু অগ্রসর হইয়া বলেন

ষে, 'ব্রহ্মবিদ্ ব্রটেমাব ভবতি'—আর কথা খুব যুক্তি-সঙ্গতও বটে।

এই মতের ফলস্বরূপ প্রত্যাদেশের অতি উদার ও মহান্ মত আসিতেছে; ইহা শুধু বৈদিক ঋষিগণ বলিয়াছেন, তাহা নহে; শুধু বিচুর, ধর্মব্যাধ (১) ও অপরাপর প্রাচীন মহাপুরুষেরা ইহা বলিয়াছেন, তাহা নহে, কিন্তু সে দিন সেই দাছপন্থীসম্প্রদায়ভুক্ত ত্যাগী নিশ্চলদাসও নিভীকভাবে তাঁহার 'বিচারসাগর' গ্রন্থে ঘোষণা করিয়াছেন,

> "যো ত্রক্ষবিদ্ ওই ত্রক্ষ তাকু বাণী বেদ। সংস্কৃত ঔর ভাষামে করত ভ্রমকি ছেদ॥"

যিনি ব্রহ্মবিৎ, তিনিই ব্রহ্ম; তাঁহার বাক্যই বেদ। সংস্কৃত অথবা দেশপ্রচলিত ষে কোন ভাষায় তিনি বলুন না কেন, তাহাতেই লোকের অজ্ঞান দূর হয়।

অত এব দৈতবাদানুসারে ব্রহ্মকে উপলব্ধি করা এবং অদৈতবাদমতে ব্রহ্মভাবাপন্ধ হওয়াই বেদের সমৃদ্য় উপদেশের লক্ষ্য, আর অহ্য যে কিছু শিক্ষা বেদে আছে তাহা সেই লক্ষ্যে পৌছিবার সোপানমাত্র। আর ভগবান ভাষ্যকার শঙ্করাচার্য্যের এই মহিমা যে, তিনি নিজ-

<sup>্ (</sup>১) মহাভারত, বনপর্ব দেখ।

প্রতিভাবলে ব্যাসের ভাবগুলি অদ্ভূত ভাবে বির্ত করিয়াছেন।

নিরপেক্ষ সত্যহিসাবে ব্রহ্মই একমাত্র সত্যঃ আপেক্ষিক সত্য হিসাবে এই ব্রন্মের বিভিন্ন প্রকাশের উপর প্রতিষ্ঠিত ভারতীয় বা ভারতবহিভূতি প্রদেশস্থ সমুদায় সম্প্রদায়ই সতা। তবে কোন কোনটি অপর-গুলি অপেকা শ্রেষ্ঠ, এই মাত্র। মনে কর, কোন ব্যক্তি বরাবর সূর্য্যাভিমুখে যাত্রা করিলেন। তাঁহার প্রতি পদবিক্ষেপে তিনি সূর্য্যের নৃতন নৃতন দৃশ্য দেখিবেন। যতদিন না তিনি প্রকৃত সূর্যোর নিকট পঁছছিতেছেন, ততদিন সূর্য্যের আকার, দৃশ্য ও বর্ণ প্রতিমুহূর্ত্তে নৃতন হইতে থাকিবে। প্রথমে সূর্যাকে তিনি একটি বৃহৎ গোলকের স্থায় দেখিয়াছিলেন। তার পর উহার আকৃতি ক্রমশঃ বাৰ্দ্ধত হইতেছিল। প্রকৃত সূর্য্য বাস্তবিক কখন তাঁহার প্রথমদৃষ্ট গোলকের মত বা তার পর পর দৃষ্ট সূর্য্যসমূহের গ্রায় নহে। কিন্তু তথাপি ইহা কি সত্য নহে ষে, সেই ধাত্রী বরাবর সূর্য্যই দেখিতেছিলেন, সূর্য্য-ব্যতীত অপর কিছু দেখেন নাই ? এইরূপ, সমুদয় সম্প্রদায়ই সত্য; কোনটি প্রকৃত সূর্য্যের নিকটতর, কোনটি বা দূরতর। সেই প্রকৃত সূর্য্যই আমাদের 'একমেবাদ্বিতীয়ম্।'

আর যখন এই সত্য নির্বিশেষ ব্রহ্মের উপদেষ্টা একমাত্র বেদ—অভান্থ এশরিক ধারণা ঘাঁহারই ক্ষুদ্র ও সীমাবদ্ধ দর্শনমাত্র, যখন 'সর্বলোকহিতৈবিণী শ্রুতি' সাধকের হাত ধরিয়া ধীরে ধীরে সেই নির্বিশেষ ব্রহ্মে বাইবার সমৃদয় সোপানগুলি দিয়া লইয়া যান, আর অভ্যান্থ ধর্ম্ম যখন ইহাদের মধ্যে কোন একটি রুদ্ধগতি ও স্থিতিশীল সোপান মাত্র, তখন জগতের সমৃদয় ধর্ম্ম এই নামরহিত, সীমারহিত, নিত্য বৈদিক ধর্ম্মের অন্তর্ভুক্ত।

শত শত জীবন ধরিয়া চেষ্টা কর, অনস্তকাল ধরিয়া তোমার অন্তরের অন্তন্তল অনুসন্ধান করিয়া দেখ, তথাপি এমন কোন মহৎ ধর্মাভাব আবিন্ধার করিতে পারিবে না, যাহা এই আধ্যাত্মিকতার অনস্ত খনির ভিতর পূর্বব হইতেই নিহিত নাই।

তথাকথিত হিন্দু পৌত্তলিকতাসম্বন্ধে বক্তব্য এই, প্রথমে গিয়া দেখ, ইহা কিরূপ ভিন্ন ভিন্ন আকার ধারণ করিতেছে; প্রথমে জান গিয়া, উপাসকগণ কোথায় প্রথমে উপাসনা করেন, মন্দিরে, প্রতিমায় অথবা দেহমন্দিরে।

প্রথমে, নিশ্চয় করিয়া জান, তাহারা কি করিতেছে

—( শতকরা নিরনব্বই জনের অধিক নিন্দুকই এ সম্বন্ধে

# হিন্দুধর্ম্মের সার্ব্বভৌমিকতা

সম্পূর্ণ অজ্ঞ ) তখন উহা বেদাস্তদর্শনের আলোকে আপনিই ব্যাখ্যাত হইয়া যাইবে।

তথাপি এ কর্মগুলি অবশ্য কর্ত্তব্য নহে। বরং মন্থু পুলিয়া দেখ—উহা প্রত্যেক বৃদ্ধকে চতুর্থাশ্রম গ্রহণ করিতে আদেশ করিতেছে, আর তাহারা উহা গ্রহণ করুক বা না করুক, তাহাদিগকে সমৃদ্য় কর্ম্ম অবশ্যই ত্যাগ করিতে হইবে।

সর্বত্তই ইহা পুনঃ পুনঃ বলা হইয়াছে যে, এই সমৃদয় কর্ম্ম জ্ঞানে সমাপ্ত হয়—'জ্ঞানে পরিসমাপ্যতে।' (১)

এই সকল কারণে, অস্থান্থ দেশের অনেক ভদ্রলোক অপেক্ষা একজন হিন্দুক্ষকও অধিক ধর্মজ্ঞানসম্পন্ন। আমার বক্তৃতায় ইউরোপীয় দর্শন ও ধর্ম্মের অনেক শব্দ ব্যবহারের জন্ম কোন বন্ধু সমালোচনাচ্ছলে অমুযোগ করিয়াছেন। সংস্কৃত শব্দ ব্যবহার করিতে পারিলে আমার পরম আনন্দ হইত। উহা অপেক্ষা-কৃত সহজ হইত, কারণ সংস্কৃত ভাষাই ধর্মভাব প্রকাশের একমাত্র সম্পূর্ণ উপযোগী। কিন্তু বন্ধুটি ভুলিয়া গিয়াছিলেন যে, পাশ্চাত্য নরনারীগণ আমার শ্রোতা ছিলেন, আর বদিও কোন ভারতীয় খ্রীশ্চিয়ান মিশনারী বলিয়াছিলেন যে, হিন্দুরা তাহাদের সংস্কৃতগ্রন্থের অর্থ

<sup>(</sup>১) গীতা, ৪র্থ অ, ৩০ শ্লোক।

ভুলিরা গিরাছে, মিশনরীগণই উহার অর্থ আবিদ্ধার করিয়াছেন, তথাপি আমি সেই সমবেত বৃহৎ মিশনারী-মগুলীর মধ্যে একজনকে দেখিতে পাইলাম না, যিনি সংস্কৃত ভাষার একটি পংক্তি পর্যান্ত বুঝেন, কিন্তু তাঁহাদের মধ্যে অনেকে বেদ, বেদান্ত ও হিন্দুখর্মের যাবতীয় পবিত্র শাস্ত্রসম্বন্ধে সমালোচনা করিয়া বড় বড় গবেষণাপূর্ণ প্রবন্ধ পাঠ করিয়াছিলেন।

আমি কোন ধর্ম্মের বিরোধী, এ কথা সত্য নহে।
আমি ভারতীয় খ্রীশ্চিয়ান মিশনারীদের বিরোধী এ কথাও
তদ্ধপ সত্য নহে। তবে আমি আমেরিকায় তাঁহাদের
টাকা তুলিবার কতকগুলি উপায়ের প্রতিবাদ করি।

বালকবালিকার পাঠ্য পুস্তকে অন্ধিত ঐ চিত্রগুলির অর্থ কি ? চিত্রে অন্ধিত রহিয়াছে, হিন্দুমাতা তাহার সন্তানগণকে গঙ্গায় কুন্তীরের মুখে নিক্ষেপ করিতেছে। জননী কৃষ্ণকারা, কিন্তু শিশু শেতাঙ্গরূপে অন্ধিত ; ইহার উদ্দেশ্য, শিশুগণের প্রতি অধিক সহামুভূতি আকর্ষণ ও অধিক চাঁদাসংগ্রহ। ঐ ছবিগুলির অর্থ কি ? একজন পুরুষ তাহার দ্রীকে নিজ হস্তে একটি কার্গস্তম্ভে বাঁধিয়া পুড়াইতেছে—উদ্দেশ্য সে ভূত হইয়া তাহার স্থামীর শত্রুগণকে পীড়ন করিবে ?

বড়বড় রথ রাশিরাশি মহুয়াকে চাপিয়া মারিয়া

# হিন্দুধর্মের সার্ব্বভৌমিকতা

কেলেতেছে—এ সকল ছবির অর্থ কি ? সে দিন এমারে (আমেরিকায়) ছেলেদের জন্ম একখানি পুস্তক প্রকা-শিত হয়। তাহাতে একজন পাদরি ভদ্রলোক তাঁহার কলিকাতা দর্শনের বিবরণ বর্ণন করিয়াছেন। তিনি বলেন, তিনি কলিকাতার রাস্তায় একখানি রথ কতক-গুলি ধর্ম্মোন্মন্ত ব্যক্তির উপর দিয়া চলিয়া যাইতে দেখিয়াছেন।

মেমফিস নগরে আমি একজন পাদরী ভদ্রলোককে প্রচারকালে বলিতে শুনিয়াছি, ভারতের প্রত্যেক পল্লীগ্রামে কুদ্র শিশুদের কন্ধালপূর্ণ একটি করিয়া পুন্ধরিণী আছে।

হিন্দুরা খ্রীফশিয়গণের কি করিয়াছেন যে প্রত্যেক খ্রীশ্চিয়ান বালকবালিকাকেই হিন্দুদিগকে হৃষ্ট, হতভাগা ও পৃথিবীর মধ্যে ভয়ানক দানব বলিয়া ডাকিতে শিক্ষা দেওয়া হয় ?

বালকবালিকাদের রবিবাসরীয় বিভালয়ের শিক্ষার এক অংশই এই ;— খ্রীশ্চিয়ান ব্যতীত অপর সকলকে, বিশেষতঃ হিন্দুকে ঘুণা করিতে শিক্ষা দেওয়া, যাহাতে তাহারা শৈশবকাল হইতেই মিশনে তাহাদের প্রসা চাঁদা দিতে শিখে।

সত্যের খাতিরে না হইলেও অন্ততঃ তাঁহাদের সন্তান-

গণের নীতির খাতিরেও থ্রীশ্চিয়ান মিশনারীগণের আর এরূপ ভাবের প্রশ্রেয় দেওয়া উচিত নয়। বালক-বালিকাগণ যে বড় হইয়া অতি নির্দ্দয় ও নিষ্ঠুর নরনারীতে পরিণত হইবে তাহাতে আর আশ্চর্ম্য কি ? কোন প্রচারক যতই অনস্ত নরকের যন্ত্রণা এবং তথাকার জ্বামান অগ্নি ও গন্ধকের বর্ণনা করিতে পারেন, গোঁড়াদিগের মধ্যে তাঁহার ততই অধিক প্রতিপত্তি হয়। আমার কোন বন্ধুর একটি অল্লবয়ন্ধা দাসীকে 'পুনরুখান' সম্প্রাদায়ের (১) ধর্মপ্রচার শ্রাবণের ফলস্বরূপ, বাতুলালয়ে পাঠাইতে হইয়াছিল। তাহার পক্ষে জ্বান্ত গন্ধক ও নরকাগ্নির মাত্রাটি কিছু অতিরিক্ত হইয়াছিল।

আবার মাদ্রাজ হইতে প্রকাশিত, হিন্দুধর্ম্মের বিরুদ্ধে লিখিত গ্রন্থগুলি দেখ। যদি কোন হিন্দু খ্রীফিধর্ম্মের বিরুদ্ধে এরূপ এক পংক্তি লেখেন, তাহা হইলে মিশনারী-গণ স্বর্গমর্ত্ত্য তোলপাড় করিয়া ফেলেন।

স্বদেশবাসিগণ, আমি এই দেশে এক বৎসরের অধিক হইল রহিয়াছি। আমি ইহাদের সমাজের প্রায় সকল অংশই দেখিয়াছি। এখন উভয় দেশের তুলনা করিয়া তোমাদিগকে বলিতেছি যে, মিশনারীরা জগতে আমা-

<sup>( &</sup>gt; ) যে সম্প্রদার প্রীষ্টীয় ধর্ম্মের প্রাচীন ভাব বলিরা অমুদার মতনমূহের পুনঃস্থাপনে প্রয়াসী। আমেরিকার খৃষ্টীয় সম্প্রদারবিশেষ

# হিন্দুধর্শ্মের সার্ব্বভৌমিকতা

দিগকে যে দৈতা বলিয়া পরিচয় দেন, আমরা তাহা নহি. আর তাঁহারাও নিজেদের দেবতা বলিয়া ঘোষণা করিলেও প্রকৃত পক্ষে তাঁহার। দেবতা নহেন। মিশনারী-গণ হিন্দুবিবাহপ্রণালীর চুর্ণীতি, শিশুহত্যা ও অফ্যাম্য দোষের কথা যত কম বলেন, ততই ভাল। এমন অনেক দেশ থাকিতে পারে. যথাকার বাস্তবিক চিত্রের সমক্ষে মিশনারীগণের অক্ষিত হিন্দুসমাজের সমুদয় কাল্লনিক চিত্র নিষ্প্রভ হইয়া যাইবে। কিন্তু বেতনভুক্ নিন্দুক হওয়া আমার জীবনের লক্ষ্য নহে। হিন্দুসমাজ সম্পূর্ণ নির্দোষ, এ দাবী আর কেহ করে করুক আমি ত কখন করিব না। এই সমাজের যে সকল ক্রেটি অথবা শভ শত শতাকীব্যাপী চুর্ব্বিপাকবশে ইহাতে যে সকল দোষ জন্মিয়াছে, তাহার সম্বন্ধে আর কেহই আমা আপেক্ষা অধিক জ্ঞাত নন। বৈদেশিক বন্ধুগণ, যদি তোমরা যথার্থ সহামুভূতির সঙ্গে সাহায্য করিতে আইস, বিনাশ তোমাদের যদি উদ্দেশ্য না হয়, তবে তোমাদের উদ্দেশ্য সিদ্ধ হউক, ভগবানের নিকট এই প্রার্থনা।

কিন্তু যদি এই অবসর পতিত জাতির মস্তকে অনবরত, সময়ে অসময়ে ক্রমাগত গালিবর্ষণ করিয়া স্বজাতির নৈতিক শ্রেষ্ঠতা দেখান তোমাদের উদ্দেশ্য হয়, তবে আমি স্পষ্টই বলিতে পারি, যদি একটু স্থায়-

পরতার সহিত এই তুলনা করা হয়, তবে হিন্দুগণ, নীতিপরায়ণ জাতি হিসাবে জগতের অস্থান্য জাতি হইতে অনেক শ্রেষ্ঠ আসন পাইবেন।

ভারতে ধর্মকে কখন ক্ষুদ্র গণ্ডির ভিতর আবদ্ধ করিয়া রাখা হয় নাই। কোন ব্যক্তিকেই তাহার ইফ্ট-দেবতা, সম্প্রদায় বা আচার্য্য মনোনয়নে বাধা দেওয়া হয় নাই; স্বতরাং ধর্মের এখানে যেরূপ উন্নতি হইয়াছিল, অন্য কোথাও সেরূপ হইতে পায় নাই।

অপর দিকে আবার, ধর্ম্মের ভিতর এই নানাভাব বিকাশের জন্ম একটি স্থিরবিন্দুর আবশ্যক হইল—
সমাজ এই অচল বিন্দুরূপে গৃহীত হইল। ইহার ফলে সমাজ কঠোরশাসনেপূর্ণ ও একরূপ অচল হইয়া দাঁড়াইল। কারণ, স্বাধীনতাই উন্নতির একমাত্র সহায়।

পাশ্চাত্য প্রদেশে কিন্তু সমাজ ছিল বিভিন্নভাব বিকাশের ক্ষেত্র এবং স্থির বিন্দু ছিল ধর্মা। প্রতিষ্ঠিত চার্চের সহিত একমত, ইউরোপীয় ধর্মের মূলমন্ত্র—এমন কি, এখনও তাহাই আছে আর যদি কোন সম্প্রদায় প্রচলিত মত হইতে কিছু স্বতন্ত্ররূপ হইতে যায়, তাহা হইলেই তাহাকে শোণিতসাগরের মধ্য দিয়া অতি কফে হাঁটিয়া তবে একটু স্ববিধা লাভ করিতে হয়। ইহার

# হিন্দুধর্মের সার্বভৌমিকতা

ফল হইয়াছে একটি মহৎ সমাজসংহতি, কিন্তু তাহাতে যে ধর্ম্ম প্রচলিত, তাহা স্থূলতম জড়বাদের উপর কখনও উঠে নাই।

আজ পাশ্চাত্য দেশ আপনার অভাব বুঝিতেছে।
এখন উন্নত পাশ্চাত্য ঈশ্বরতত্বাদ্বেষিগণের মূলমন্ত্র
হইয়াছে—'মানুষের যথার্থ স্বরূপ ও আত্মা।' সংস্কৃতদর্শন অধ্যয়নকারী মাত্রেই জানেন, এ হাওয়া কোথা
হইতে বহিতেছে, কিন্তু তাহাতে কিছুই আসিয়া যায়
না যতক্ষণ ইহা নূতন জীবন সঞ্চার করিতেছে।

ভারতে আবার নৃতন নৃতন অবস্থার সংঘর্ষে সমাজসংহতির নবগঠন বিশেষ আবশ্যক হইতেছে। বিগত
শতান্দীর তিন-চতুর্থাংশ ধরিয়া ভারত সমাজসংস্কারসভা
ও সমাজসংস্কারকে পূর্ণ হইয়াছে। কিন্তু হায়! ইহার
মধ্যে সকলগুলিই বিফল হইয়াছে। ইহাঁয়া সমাজসংস্কারের রহস্ত জানিতেন না। ইহাঁয়া প্রকৃত শিখিবার
জিনিষ শিখেন নাই। ব্যস্তভাবশতঃ তাঁহারা আমাদের
সমাজের যত দোষ, সব ধর্মের ঘাড়ে চাপাইয়াছেন।
প্রবাদবাক্যে যেমন আছে, 'মশা মাত্তে গালে চড়',
তেমনি তাঁহারা সমাজের দোষ সংশোধন করিতে
গিয়া সমাজকেই একেবারে ধ্বংস করিবার যোগাড়
করিয়াছিলেন। কিন্তু সোভাগাক্রমে এ ক্ষেত্রে তাঁহারা

অটল অচল গাত্রে আঘাত করিয়াছিলেন, শেষে উহার প্রতিঘাতবলে নিজেরাই ধ্বংসপ্রাপ্ত হইলেন। যে সকল মহামনা নিঃস্বার্থ পুরুষ এইরূপ বিপথে চেফায় অকৃতকার্য্য হইয়াছেন; সেই সকল ব্যক্তি ধন্ত! আমাদের নিশ্চেফ সমাজরূপ নিদ্রিত দৈত্যকে জাগরিত করিতে সংস্কা-রোমান্ততায় এই বৈচ্যুতিক আঘাতের বিশেষ প্রয়োজন হইয়াছিল।

আমরা ইঁহাদিগকে আশীর্বচন প্রয়োগ করিয়া ইঁহাদের অভিজ্ঞতা দ্বারা লাভবান্ হই আইস। তাঁহারা ইহা শিক্ষা করেন নাই যে, ভিতর হইতে বিকাশ আরম্ভ হইয়া বাহিরে তাহার পরিণতি হয়; তাঁহারা শিক্ষা করেন নাই, সমুদয় ক্রমবিকাশ পূর্ববর্তী কোন ক্রমসঙ্কোচের পুনর্বিকাশ মাত্র। তাঁহারা জানিতেন না, বীজ উহার চতুংপার্মন্থ ভূত হইতে উপাদান সংগ্রহ করে বটে, কিস্তু নিজের প্রকৃতি অনুষায়ী বৃক্ষ হইয়া থাকে। হিন্দুজাতি একেবারে ধ্বংস হইয়া নূতন জাতি যতদিন না তাহার স্থান অধিকার করিতেছে, ততদিন সমাজের এরূপ বিপ্লবকর সংক্ষার সম্ভব নহে। যতই চেফা কর না কেন, যতদিন না ভারতের অন্তিত্ব বিলুপ্ত হইতেছে, ততদিন ভারত কখন ইউরোপ হইতে পারে না।

ভারতের কি অস্তিম বিলুপ্ত হইবে ? সেই ভারত,

# হিন্দুধর্ম্মের সার্ব্বভোমিকতা

যাহা সমুদয় মহন্ব, নীতি ও আধ্যাত্মিকতার প্রাচীন জননী, যে ভূমিতে সাধুগণ বিচরণ করিতেন, যে ভূমিতে ঈশ্বরপ্রতিম ব্যক্তিগণ এখনও বাস করিতেছেন ? সেই গ্রীসীয় সাধু ডায়োজিনিসের\* লগ্ঠন লইয়া হে ভ্রাতৃগণ, এই বিস্তৃত জগতের প্রত্যেক নগর, গ্রাম, অরণ্য অন্বেষণ করিতে তোমার পশ্চাৎ পশ্চাৎ যাইতে রাজি আছি. অপর স্থানে যদি এরূপ লোক পাও, ড দেখাও। প্রবাদ ঠিক যে, ফল দেখিয়া গাছ চেনা যায়। ভারতের প্রত্যেক আত্রবৃক্ষের তলে বসিয়া বৃক্ষ হইতে পতিত ঝুড়ি ঝুড়ি কীটদফ অপক আত্র কুড়াও, ও তাহাদের প্রত্যেকটি সম্বন্ধে একশত করিয়া খুব গবেষণাপূর্ণ গ্রন্থ রচনা কর। তথাপি তুমি একটি আত্রসম্বন্ধেও সঠিক তর লিখিতে পারিবে না। একটি স্থপক, সরস, স্থমিষ্ট আূ্ড্র পাড়িয়া তাহার বর্ণনা করিলেই বুঝিব, তুমি আত্রের প্রকৃত গুণ বিদিত হইয়াছ ও তাহার প্রকৃত বর্ণনা করিয়াছ।

এই ভাবেই এই ঈশ্বরকল্প মানবগণই হিন্দুধর্ম কি,

<sup>\*</sup> ডায়োজিনিস দিনিক সম্প্রদায়ভুক্ত একজন মহাত্মা ছিলেন। ইহার বিশ্বাস ছিল, জগতে প্রকৃত সাধু ব্যক্তি অতি অল্প। এই ভাবটি প্রকাশ করিবার জ্বন্স তিনি দিবাভাগে একটি লগ্ঠন জালাইয়া সহর ঘুরিয়া বেড়াইতেন।

তাহা প্রকাশ করেন। যে জাতিরূপ বৃক্ষ শত শত শতাবদী ধরিয়া পুষ্ট ও বন্ধিত, যাহা সহস্র বর্ষ ধরিয়া ঝঞ্জাবাত সহ্য করিয়াও অনস্ত তারুণ্যের অক্ষয় তেজে এখনও গৌরবান্বিত হইয়া দণ্ডায়মান রহিয়াছে, ইহাদের জীবন দেখিলেই তাহা স্বরূপ, শক্তি ও গূঢ়নিহিত তেজের বিষয় জানা যায়।

ভারতের কি বিনাশ হইবে ? তাহা হইলে জগৎ হইতে সমৃদয় আধ্যাত্মিকতা চলিয়া যাইবে; চরিত্রের মহান্ আদর্শ সমৃদয় নফ হইবে, সমৃদয় ধর্মের প্রতি মধুর সহামুভূতির ভাব বিনফ হইবে, সমৃদয় ভাবুকতা নফ হইবে; তাহার স্থলে কাম ও বিলাসিতারূপ দেবদেবীর রাজত্ব হইবে; অর্থ হইবেন—তাহার পুরোহিত; প্রতারণা, পাশবকল ও প্রতিদ্বন্দিতা হইবে—তাহার পুরোহিত; প্রতারণা, পাশবকল ও প্রতিদ্বন্দিতা হইবে—তাহার পূজাপুদ্ধতি আর মানবাত্মা হইবেন, তাহার বলি। এরূপ কথন হইতে পারে না। কার্যাশক্তি হইতে সহাশক্তি অনস্তত্তণে শ্রেষ্ঠ। স্থাশক্তি হইতে প্রেমশক্তি অনস্তত্তণে অধিক শক্তিমান। যাঁহারা মনে করেন, হিন্দুধর্মের বর্ত্তমান পুনরুখান কেবল দেশহিতৈধিতাপ্রবৃত্তির একটি বিকাশমাত্র, তাহার ভাস্ত।

প্রথমতঃ, আমরা এই অপূর্বব ব্যাপার কি, তাহা বুঝিবার চেষ্টা করি আইস।

# হিন্দুধর্ম্মের সার্ব্বভৌমিকতা

ইহা কি আশ্চর্য্য নহে যে, একদিকে যেমন আধুনিক বৈজ্ঞানিক গবেষণার প্রবল আক্রমণে পাশ্চাত্য স্বমতান্ধ ধর্মসমূহের প্রাচীন তুর্গসমূহ ধূলিসাৎ হইতেছে— একদিকে বেমন বর্ত্তমান বিজ্ঞানের হাতুড়ির চোটে বিশ্বাস অথবা চার্চ্চসমিতির অধিকাংশের সম্মতিই যাহার মূল, সেই সকল ধর্মমতরূপ মূৎপাত্রকে গুঁড়াইয়া ছাতু করিয়া ফেলিতেছে: একদিকে যেমন আততায়ী আধুনিক চিন্তার ক্রমবর্দ্ধনশীল স্রোতের সহিত আপনাকে মিলাইতে পাশ্চাতা ধর্মমতসকল কিংকর্ত্তব্যবিমৃঢ় হইয়া পড়িতেছে; একদিকে ষেমন অপর সমৃদয় ধর্মপুস্তকের মূলগ্রস্থগুলি হইতে আধুনিক চিস্তার ক্রমবর্দ্ধনশীল তাড়নায়, যথাসম্ভব বিস্তৃত ও উদার অর্থ বাহির করিতে হইয়াছে, আর তাহাদের অধিকাংশই ঐ চাপে ভগ্ন হইয়া অপ্রয়োজনীয় দ্রব্যের ভাগুরে রক্ষিত হইয়াছে: একদিকে যেমন অধিকাংশ পাশ্চাত্য চিন্তাশীল ব্যক্তি চার্চ্চের সঙ্গে সমুদয় সংস্রব পরিত্যাগ করিয়া অশান্তিসাগরে ভাসিতেছেন: অপর দিকে তেমনি যে সকল ধর্ম সেই বেদরূপ জ্ঞানের মূলপ্রস্রবন হইতে প্রাণপ্রদ জল পান করিয়াছে অর্থাৎ হিন্দুধর্ম্ম ও বৌদ্ধধর্মেরই কেবল পুনরুখান হইতেছে ?

অশান্ত পাশ্চাত্য নাস্তিক বা অজ্ঞেয়বাদী কেবল

গীতা বা ধর্মপদেই (১) স্বীয় আশ্রয় পাইয়া থাকেন।

অদৃষ্টচক্র ঘুরিয়া গিয়াছে। আর ষে হিন্দু নৈরাশ্যা শ্রুপরিপ্লুতনেত্রে নিজ বাসভবনকে আততায়িপ্রদত্ত আগতে বেপ্লিত দেখিতেছিলেন, তিনি এক্ষণে বর্ত্তমান চিস্তার প্রথর আলোকে ধূম অপসারিত হইবার পর দেখিতেছেন, তাহার গৃহই একমাত্র নিজ বলে দণ্ডায়মান রহিয়াছে আর অপরগুলি সব হয় ধ্বংস হইয়াছে, নয় হিন্দু আদর্শ অসুষায়ী পুনগঠিত হইতেছে। তিনি এক্ষণে তাঁহার অশ্রুদমোচন করিয়াছেন আর দেখিতে পাইয়াছেন, যে কুঠার সেই "উর্জ্যুল অধ্যণাখ অশ্বথের" (২) মূলদেশ কাটিতে চেষ্টা করিয়াছিল, তাহাতে বাস্তবিক অন্তাচিকিৎসকের ছরীর কার্য্য করিয়াছে।

তিনি দেখিতেছেন, তাঁহার ধর্ম্মরক্ষা করিবার জন্ম তাঁহার শাল্তের বিকৃত অর্থ অথবা অন্ম কোনরূপ কপটতা করিবার আবশ্যকতা নাই। শুধু তাহাই নহে, তিনি তাঁহার শাল্তের নিম্নাক্তগুলিকে নিম্নই বলিতে

- ( > ) বৌদ্ধদের শ্রেষ্ঠ নীতিশাস্ত্র।
- (২) কঠোপনিষদ ও গীতা হইতে গৃহীত—অর্থ—এই সংসাররূপ অশ্বথরক্ষের মূল উর্দ্ধে (ব্রহ্ম) আর নিয়ে শাখা প্রশাখা গিয়াছে। এখানে হিন্দুধর্মকে বুঝাইতেছে।

# হিন্দুধর্মের সার্বভোমিকতা

পারেন,, কারণ, তাহা অরুক্ষতীদর্শনিস্থায়মতে (১)
নিম্নাধিকারিগণের জন্য বিহিত। সেই প্রাচীন ঋষিগণকে ধন্যবাদ, যাঁহারা এরূপ সর্বব্যাপী, সদাবিস্তারশীল
ধর্মপ্রণালী আবিকার করিয়াছেন, যাহা জড়রাজ্যে
যাহা কিছু আবিক্বত হইয়াছে ও যাহা কিছু হইবে, সবই
সাদরে গ্রহণ করিতে পারেন। তিনি সেইগুলিকে নৃতন
ভাবে বুঝিতে শিখিয়াছেন এবং আবিকার করিয়াছেন
যে, যে সকল আবিক্রিয়া প্রত্যেক সীমাবদ্ধ ক্ষুদ্র ধর্ম্মসম্প্রদারের পক্ষে এত ক্ষতিকর হইয়াছে, তাহা তাঁহার
পূর্ববপুরুষগণের ধ্যানলন্ধ তুরীয় ভূমি হইতে আবিদ্ধত
সত্যসমূহের—বৃদ্ধি ও ইন্দ্রিয়জ্ঞানের ভূমিতে পুনরাবিকার
মাত্র।

এই কারণেই তাঁহার কিছুই ত্যাগ করিবার আবশ্যক নাই অথবা অশ্য কোন স্থলে অশ্য কিছু খুঁজিবার জম্ম তাঁহার যাইবার কোন প্রয়োজন নাই। যে অনস্ত ভাগুার তিনি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হইয়াছেন, তাহা

<sup>(</sup>১) অরুদ্ধতী অতি ক্ষুদ্র নক্ষত্রবিশেষ। কাহাকেও এই নক্ষত্র দেখাইতে হইলে প্রথমে উহার নিকটবন্ত্রী বৃহৎ কোন নক্ষত্রকে দেখাইয়া তাহাতে চক্ষু স্থির হইলে তবে অরুদ্ধতী দৃষ্টিগোচর হয়। সেইরূপ ধর্ম্মের সক্ষতাব বৃদ্ধিতে হইলে প্রথমে স্থুলভাবের নাহায্য লইতে হয়।

হইতে কিয়দংশ লইয়া নিজ কাজে লাগাইলেই তাঁহার পক্ষে যথেষ্ট হইবে। তাহা তিনি করিতে আরম্ভ করিয়াছেন, ক্রেমশঃ আরো করিবেন। ইহাই কি বাস্ত-বিক এই পুনরুত্থানের কারণ নহে ?

বঙ্গীয় যুবকগণ, তোমাদিগকে আমি বিশেষ করিয়া আহ্বান করিয়া বলিতেছি,—

ভাতৃগণ! লজ্জার বিষয় হইলেও ইহা আমরা জানি र्य, रेवरमिकशन रय मकल প্রকৃত দোষের জন্ম हिन्मू-জাতিকে নিন্দা করেন, তাহার কারণ আমরা। আমরাই ভারতের অত্যাম্য জাতির মস্তকে অনেক অমুচিত গালি বর্ষণের কারণ। কিন্তু ঈশ্বরকে ধন্মবাদ, আমরা ইহা সম্পূর্ণ জানিতে পারিয়াছি আর তাঁহার আশীর্কাদে আমরা শুধু আপনাদিগকেই শুদ্ধ করিব, তাহা নহে, সমুদয় ভারতকেই সনাতন ধর্ম্ম প্রচারিত আদর্শানুসারে জীবন 'গঠন করিতে সাহায়া করিতে পারিব। প্রথমে আইস, প্রকৃতি ক্রীতদাসের কপালে সদাই যে ঈর্যারূপ তিলক অঙ্কিত করেন, তাহা মোচন করি। কাহারও প্রতি ঈর্যান্বিত হইও না। সকল শুভকর্ম্মানুষ্ঠায়ীকেই সাহায্য করিতে সর্বাদা প্রস্তুত থাক। ত্রিলোকের প্রত্যেক জীবের উদ্দেশ্যে শুভেচ্ছা প্রেরণ কর।

আমাদের ধর্ম্মের এক কেন্দ্রীভূত সত্য---বাহা হিন্দু,

# হিন্দুধর্শ্মের সার্ব্বভৌমিকতা

বৌদ্ধ, জৈন সকলেরই সাধারণ উত্তরাধিকার সূত্রে প্রাপ্য, তাহার উপর দণ্ডায়মান হই আইস। সেই কেন্দ্রীভূত সত্য এই মানবাত্মা, অজ, অবিনাশী, সর্বব্যাপী, অনস্ত মানবাত্মা, যাঁহার মহিমা স্বয়ং বেদ প্রকাশ করিতে অক্ষম, যাঁহার মহিমার সমক্ষে অনস্ত সূর্য্য চন্দ্র তারকা ও নীহারময় নক্ষত্রপূঞ্জ বিন্দুতুল্য। প্রত্যেক নরনারী, শুধু তাহাই নহে উচ্চতম দেব হইতে তোমাদের পদতলম্ব ঐ কীট পর্যাস্ত সকলেই ঐ আত্মা, হয় উয়ত, নয় অবনত। প্রতেদ—প্রকারগত নহে, পরিমাণগত।

আত্মার এই অনস্ত শক্তি, জড়ের উপর প্রয়োগ করিলে ভৌতিক উন্নতি হয়, চিস্তার উপর প্রয়োগ করিলে মনীধার বিকাশ এবং আপনার উপর প্রয়োগ করিলে মানুষকে ঈশ্বর করিয়া তুলে।

প্রথম আমরা ব্রহ্মত্ব লাভ করি আইস, পরে অপরকে ব্রহ্ম হইতে সাহায্য করিব। 'আপনি সিদ্ধ হইয়া অপরকে সিদ্ধ হইতে সহায়তা কর,' ইহাই আমাদের মূলমন্ত্র হউক। মামুবকে পাপী বলিও না। তাহাকে বল, তুমি ব্রহ্ম। যদিও শয়তান কেহ থাকে, তথাপি আমাদের ব্রহ্মকেই শ্বরণ করা কর্ত্তব্য—শয়তানকে নহে।

যদি গৃহ অন্ধকার থাকে, তবে সর্ববদা 'অন্ধকার' 'অন্ধকার' বলিয়া ছৃঃখ প্রকাশ ক্রিলে অন্ধকার দূর হইবে

না। আলোলইয়া আইস। জানিয়া রাখ যাহা কিছু অভাবাত্মক, যাহা কিছু পূর্ববরতী ভাগগুলিকে ভাঙ্গিয়া ফেলিতেই নিযুক্ত, যাহা কিছু কেবল দোষদর্শনাত্মক, তাহা চলিয়া যাইবেই যাইবে; যাহা কিছু ভাবাত্মক, যাহা কিছু গড়িতে চেফা করে, যাহা কোন একটি সত্য স্থাপন করে, তাহাই অবিনাশী তাহাই চিরকাল থাকিবে। আমরা বলিতে থাকি, 'আমরা সৎস্বরূপ, ব্রহ্ম সৎস্বরূপ, আর আমরাই ব্রহ্ম, শিবোহহং শিবোহহং'—এই বলিয়া অগ্রসর হইয়া যাই, চল। জড় আমাদের লক্ষ্য নহে, চৈতন্ম। যে কোন বস্তুর নামরূপ আছে, তাহাই নামরূপহীন সত্তার অধীন। শ্রুতি বলেন, ইহাই সনাতন সতা। আলোক লইয়া আইস, অন্ধকার আপনি চলিয়া যাইবে। বেদান্তকেশরী গর্জ্জন করুক, তাহাদের গর্ত্তে পলায়ন করিবে। ভাব চারিদিকে ছড়াইতে থাক: ফল যাহা হইবার, হউক। বিভিন্ন রাসায়নিক পদার্থ একত্রে রাখিয়া দাও: উহাদের মিশ্রণ আপন। আপনিই হইবে। আত্মার শক্তির বিকাশ কর; উহার শক্তি ভারতের সর্বত্র ছড়াইয়া দাও : যাহা কিছু প্রয়োজন, তাহা আপনা আপনিই আসিবে।

তোমার আভ্যন্তরিক ব্রহ্মভাব পরিক্ষুট কর, সমুদয়ই উহার চারিদিকে সামঞ্জস্মভাবে বিশ্বস্ত হইবে। বেদে

### হিন্দুধর্ম্মের সার্ববভৌমিকতা

বর্ণিত ইন্দ্রবিরোচনসংবাদ ( ১ ) স্মরণ কর। উভয়েই তাঁহাদের ব্রহ্মত্বসম্বন্ধে উপদেশ পাইলেন। কিন্তু অস্থর বিরোচন নিজের দেহকেই ব্রহ্ম বলিয়া স্থির করিলেন, কিন্তু ইন্দ্র নিজেকে দেবতা বলিয়া বুঝিতে পারিলেন, বাস্তবিক আত্মাকেই ব্রহ্ম বলা হইয়াছে। তোমরা সেই ইন্দ্রের সন্তান; তোমরা সেই দেবগণের বংশধর। জড় কখন তোমাদের ঈশ্বর হইতে পারে না, দেহ কখন তোমাদের ঈশ্বর হইতে পারে না।

ভারত আবার উঠিবে, কিন্তু জড়ের শক্তিতে নহে, চৈতন্মের শক্তিতে, বিনাশের বিজয়পতাকা লইয়া নহে, শান্তি ও প্রেমের পতাকা লইয়া—সন্ন্যাসীর বেশসহায়ে। অর্থের শক্তিতে নহে ভিক্ষাপাত্রের শক্তিতে। বলিও না, তোমরা মূর্বেল; বাস্তবিক, সেই আত্মা সর্ববশক্তিনান। রামকৃষ্ণের শ্রীচরণের দেবস্পর্শে যে ঐ কয়েকটি মৃষ্টিমেয় যুবকদলের অভ্যুদয় হইয়াছে, তাঁহাদের দিকে দৃষ্টিপাত কর। তাঁহারা আসাম হইতে সিন্ধু ও হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত তাঁহার উপদেশামৃত প্রচার করিয়াছেন। তাঁহারা পদত্রজে ২০,০০০ ফুট উদ্ধবর্তী হিমালয়ের তুষাররাশি অতিক্রম করিয়া তিববতের রহস্থ ভেদ করিয়াছেন। তাঁহারা চীরধারী হইয়া ছারে ছারে

<sup>(</sup>১) ছान्नारगाश्रीनयर्पेत्र (न्यारम राष्ट्र ।

ভিক্ষা করিয়াছেন। কত অত্যাচার তাঁহাদের উপর দিয়া গিয়াছে—এমন কি, তাঁহারা পুলিস দ্বারা অনুস্ত হইয়া কারাগারে নিক্ষিপ্ত হইয়াছেন, অবশেষে যখন গভর্ণমেণ্ট তাঁহাদের নির্দোষিতার বিষয়ে বিশেষরূপ প্রমাণ পাইয়াছেন, তখন তাঁহারা মুক্তি লাভ করিয়াছেন। এক্ষণে তাঁহার। বিংশতি জন মাত্র। কালই যেন এই সংখ্যা দিসহত্রে পরিণত হয়। হে বঙ্গীয় যুবকর্ন্দ, তোমাদের দেশের জন্ম ইহা প্রয়োজন, সমুদয় জগতের জন্ম ইহা প্রয়োজন। তোমাদের আভ্যন্তরীণ ব্রহ্মশক্তি জাগরিত কর; উহা তোমাদিগকে ক্ষুধাতৃষ্ণা শীত উষ্ণ সমুদয় সহু করিতে সমর্থ করিবে। বিলাসপূর্ণ গৃহে বসিয়া, সর্ব্বপ্রকার স্থখসম্ভোগে পরিবেষ্টিত থাকিয়া একটু সখের ধর্ম্ম করা অস্থাম্যদেশের পক্ষে শোভা পাইতে পারে, কিন্তু ভারতের অস্থিমজ্জায় ইহা হইতে উচ্চতর ভাব জড়িত। সে সহজেই প্রভারণা ধরিয়া ফেলে। তোমাদিগকে ত্যাগ করিতে হইবে। মহৎ হও। স্বাৰ্থত্যাগ ব্যতীত কোন মহৎ কাৰ্য্যই সাধিত হইতে পারে না। পুরুষ স্বয়ং জগৎস্থি করিবার জম্ম আপনার স্বার্থত্যাগ করিলেন, আপনাকে বলি দিলেন। তোমরা সর্বপ্রকার আরাম, স্থস্বচ্ছন্দ, নাম

ষশ অথবা পদ, এমন কি, জীবন পর্যান্ত বিসর্জ্জন দিয়া

# হিন্দুধর্শ্মের সার্ব্বভৌমিকতা

মানবরূপ শৃঙ্খলগঠিত এমন একটি সেতু নির্মাণ কর, যাহার উপর দিয়া লক্ষ লক্ষ লোক এই জীবনসমূদ্র পার হইয়া যাইতে পারে।

সর্ববপ্রকার মঙ্গলকর শক্তিকে একত্রীভূত কর। তুমি কোন্ পতাকার নিম্নে থাকিয়া যাত্রা করিতেছ, সে দিকে লক্ষ্য করিও না। তোমার পতাকা নীল, হরিৎ বা লোহিত, তাহা গ্রাহ্ম করিও না, কিন্তু সমুদয় রঙ মিশাইয়া প্রেমরূপ শেতবর্ণের তীব্র জ্যোতির প্রকাশ কর। আমাদের আবশ্যক—কার্যা করিয়া যাওয়া—ফল ষাহা, তাহা আপনা আপনি হইবে। যদি কোন সামা-জিক নিয়ম তোমার ব্রহ্মত্বলাভের প্রতিকূল হয়, তাহা আত্মার শক্তির সম্মুখে আর টিকিবে না। আমি ভবিষ্যৎ কি হইবে, তাহা দেখিতে পাইতেছি না, দেখিবার জন্ম আমার আগ্রহও নাই। কিন্তু আমি যেন দিবাচক্ষে দেখিতেছি যে, আমাদের সেই প্রাচীনা মাতা আবার জাগরিতা হইয়াছেন, পূর্ববাপেক্ষা অধিক মহামহিমান্বিতা হইয়া পুনর্বার নবযৌবনশালিনী হইয়া তাঁহার সিংহাসনে বসিয়াছেন। শান্তি ও আশীর্বাণী প্রয়োগ সহকারে তাঁহার নাম সমগ্র জগতে ঘোষণা কর।

> কর্ম্ম ও প্রেমে চিরকাল জোমাদেরি বিবেকানন্দ।

# হিন্দুধর্মের ক্রমাভিব্যক্তি \*

'যখনই ধর্মের গ্রানি ও অধর্মের অভ্যুত্থান হয়, তথনই আমি ধর্ম পুনঃ স্থাপনের জন্ম আবিভূতি হই।' হে মহারাজ, এ কথাগুলি পবিত্র গীতাশাল্তে সেই সনাতন প্রাক্তির বাক্য; এই বাক্য জগতে আধ্যাত্মিক শক্তি-প্রাহির সনাতন উত্থান পতন নিয়মের মূলমন্ত্রস্করপ।

এই সকল পরিবর্ত্তন বার বার নূতন তালে, নূতন ছন্দে জগতে প্রকাশিত হইতেছে আর যদিও অন্থায় মহান্ পরিবর্ত্তনের স্থার, তাহাদের কার্যক্ষেত্রের মধ্যগত প্রত্যেক ক্ষুদ্রাৎ ক্ষুদ্রতম বস্তুর উপর তাহারা প্রভাব বিস্তার করিতেছে, তথাপি অনুকূর্দ স্থানেই তাহাদের কার্যকারিতা অধিক প্রকাশ পায়।

সমষ্টিভাবে যেমন জগতের আদিম অবস্থা ত্রিগুণের সাম্যভাব, (এই সাম্যভাবের চ্যুতি ও তাহা পুনঃ-প্রাপ্তির জন্ম সমৃদয় চেফা লইয়াই এই প্রকৃতির বিকাশ বা ব্রহ্মাণ্ড; যতদিন না এই সাম্যাবস্থা পুনরায় আসে, ততদিন এই ভাবেই চলিতে থাকে) ব্যষ্টিভাবে তেমনি

রাজপুতানার অন্তর্গত খেতড়ির মহারাজের অভিনন্দনপত্রের উত্তর ( ১৮৯৫ )।

# হিন্দুধর্ম্মের ক্রমাভিব্যক্তি

আমাদের এই পৃথিবীতে যতদিন মনুষ্যজাতি বর্ত্তমান আকারে থাকিবে, ততদিন এই বৈষম্য ও তাহার নিত্য সহচর এই সাম্যলাভের চেফী দুই পাশাপাশি বিরাজ করিবে। তাহাতে সমুদ্য পৃথিবীর ভিন্ন ভিন্ন জাতির ভিতর, জাতির উপরিভাগগুলির ভিতর ও এমন কি প্রত্যেক ব্যক্তিতে ব্যক্তিতে, প্রবল বিশেষত্ব থাকিবে, যাহাতে একটি হইতে আর একটি পৃথক্রপে জানা যাইবে।

অতএব নিরপেক্ষভাবে যেন তুলাদণ্ডে পরিমাণ করিয়া সকলকে সমান শক্তি প্রদন্ত হইলেও প্রত্যেক জাতিই যেন কোন বিশেষ প্রকার শক্তিসংগ্রহ ও বিতরণের উপযোগী এক একটি অভুত যন্ত্রস্বরূপ আর সেই জাতির অস্থাস্থ অনেক শক্তি থাকিলেও সেই বিশেষ শক্তিটিই সেই জাতির বিশেষ লক্ষণরূপে উজ্জ্বলভাবে প্রকাশ পায়। মন্ত্রয়প্রকৃতির কোন বিশেষ ভাবের বিশেষ বিকাশ ও উদ্দীপনা হইলে, তাহার প্রভাব অল্ল বিস্তর সকলেই অন্ভব করিলেও যে জাতির উহা বিশেষ লক্ষণ এবং সাধারণতঃ যাহাকে কেন্দ্র করিয়াই উহা উৎপন্ন হয়, তাহা সেই জাতির অন্তরের অন্তত্তল পর্যান্ত আলোড়িত করে। এই কারণেই ধর্মাজগতে কোন আন্দোলন উপস্থিত হইলে, তাহার ফলে ভারতে অবশ্যুই

নানাপ্রকার গুরুতর পরিবর্ত্তন হইতে থাকিবে, যে ভারতরূপ কেন্দ্র হইতে বছবিস্তৃত ধর্ম্মতরঙ্গসমূহ বারম্বার উত্থিত হইয়াছে, কারণ, ধর্ম্মভূমি বলিয়াই ভারতের বিশেষত্ব।

প্রত্যেক ব্যক্তি তাহাকেই কেবল সত্য বলে, যাহা তাহার উদ্দেশ্যসিদ্ধির সহায়তা করে। সংসারিক ভাবাপন্ন ব্যক্তিগণের নিকট যাহা কিছুর বিনিময়ে টাকা হয়, তাহাই সত্য; যাহার বিনিময়ে টাকা হয় না, তাহা অসত্য। প্রভুত্ব যাহার আকাজ্জ্বা, যাহাতে সকলের উপর প্রভুত্ব করিবার বাসনা চরিতার্থ হয়, তাহার নিকট তাহাই সত্য, বাকি কিছুই নয়। এইরূপে যাহা কোন ব্যক্তির জীবনের বিশেষ প্রিয় আকাজ্জ্বারূপ হাদয়ধ্বনির প্রতিধ্বনি না করে, তাহাতে সে কিছুই দেখিতে পায় না।

যাহাদের একমাত্র লক্ষ্য জীবনের সমুদ্য় শক্তির বিনিময়ে কাঞ্চন, নাম বা অপর কোনরূপ ভোগস্থের অর্জ্জন, যাহাদের নিকট সমরসজ্জায় সজ্জিত সৈম্যদলের যুদ্ধযাত্রাই একমাত্র শক্তি বিকাশের লক্ষণ, যাহাদের নিকট ইন্দ্রিয়স্থই জীবনের একমাত্র স্থ, তাহাদের নিকট ভারত সর্ববদাই একটা প্রকাশু মরুর ম্থায় প্রতীয়ন্মান হইবে; তাহারা যাহাকে জীবনের বিকাশ বলিয়া

### হিন্দুধর্ম্মের ক্রমাভিবাক্তি



বিবেচনা করে, উহার এক বায়ূপ্রবাহই যেন পক্ষে মৃত্যুস্বরূপ।

কিন্তু যাঁহাদের জীবনতৃষ্ণা ইন্দ্রিয়জগতের অতি দুরে অবস্থিত অমৃতনদীর সলিলপানে একেবারে মিটিয়া গিয়াছে, যাঁহাদের আত্মা সর্পের জীর্ণত্বকুমোচনের স্থায় কাম, কাঞ্চন ও ফশংস্পৃহারূপ ত্রিবিধ বন্ধনকে দুরে ত্যাগ করিয়াছে, যাঁহারা চিত্তস্থৈর্যোর উন্নত শিখরে আরোহণ করিয়া তথা হইতে, ইন্দ্রিয়বন্ধনে আবদ্ধ ব্যক্তিগণ দারা 'ভোগ' নামে নির্দ্দিষ্ট মাকাল ফলের জন্ম নীচজনোচিত কলহ, বিবাদ, দ্বেবহিংসার প্রতি প্রীতি ও প্রসন্নতার দৃষ্টি নিক্ষেপ করেন, যাঁহাদের সঞ্চিত-পূর্বব সৎকর্ম্মের ফলে চক্ষু হইতে অজ্ঞানের আবরণ খিসিয়া পড়িয়াছে. এবং তাঁহাদিগকে অসার নামরূপ ভেদ করিয়া প্রকৃত সত্য দর্শনে সমর্থ করিয়াছে, তাঁহারা যেখানেই থাকুন না কেন, আধ্যাত্মিকতার জননী ও অনন্তথনি স্বরূপ ভারতবর্ষ তাঁহাদের নিকট ভিন্নাকারে— মহিমময় উক্ষলতর ভাবে—প্রতীত হয়, ছায়াবাজী-প্রায় জগতে ফিনি একমাত্র প্রকৃত সন্তা, তাঁহার অত্যুসন্ধানপরায়ণ প্রত্যেক ব্যক্তির নিকট উহা আশার আলোকরূপে প্রতীত হয়।

অধিকাংশ মানবই তখনই শক্তিকে শক্তি বলিয়া

বুঝিতে পারে, যখন উহা তাহাদের অনুভবের উপযোগী হইয়া শ্বুল আকারে তাহাদের সম্মুখে প্রকাশ পায়। তাহাদের নিকট প্রবল সমরোৎসাহ লুপ্ঠনাদিই, থুব স্পষ্টতঃ প্রত্যক্ষ শক্তির বিকাশ বলিয়া প্রতীত হয়; আর যাহা কিছু ঝড়ের মত আসিয়া সম্মুখে যাহা কিছু পায় তাহাকেই উল্টিয়া পাল্টিয়া দেখ না, তাহাই তাহাদের দৃষ্টিতে মৃত্যুম্বরূপ। স্বতরাং শত শত শতাবদী ধরিয়া কোনরূপ বাধা দিবার চেষ্টাশ্ব্য হইয়া বিদেশী বিজেত্গণের পদতলে পতিত, একতাহীন, স্বদেশহিতৈষণা লেশশ্ব্য ভারতবর্ষ তাহাদের নিকট গলিত অন্থিপূর্ণ ভূমি বলিয়া, প্রাণহীন পচনশীল পদার্থরাশি বলিয়া প্রতীত হইবে।

কথিত হয় যে, যোগ্যতমই কেবল জীবনসংগ্রামে জয়ী হইয়া থাকে। তবে সাধারণ ধারণান্মসারে যে জাতি সর্ববজাতির মধ্যে অযোগ্যতম, সে জাতি দারুণ জাতীয় ফুর্ভাগ্যচক্রে নিম্পেষিত হইলেও কেন তাহার বিনাশের কিছুমাত্র চিহ্ন দেখা যাইতেছে না ? তথাকথিত বীর্যাশালী ও কর্ম্মপরায়ণ জাতিসমূহের শক্তিষেমন একদিকে প্রতিদিন কমিয়া আসিতেছে, তেমনি এদিকে ফুর্নীতিপরায়ণ (?) হিন্দুর সর্ববাপেক্ষা অধিক শক্তির বিকাশ হইতেছে, ইহা কিরূপে হয় ? যাঁহারা

# হিন্দুধর্মের ক্রমাভিব্যক্তি

এক মুছুর্ত্তের মধ্যে জগৎকে শোণিতসাগরে প্লাবিত করিয়া দিতে পারেন, তাঁহারা খুব প্রশংসা পাইবার যোগ্য বটেন, যাঁহারা জগতের কয়েক লক্ষ লোককে স্থাখে স্বচ্ছন্দে রাখিবার জগু পৃথিবীর অর্দ্ধেক লোককে শুকাইয়া মারিতে পারেন, তাঁহাদেরও মহৎ গোরব প্রাপ্য বটে কিন্তু যাঁহারা অপর কাহারও অন্ধ না কাড়িয়া লইয়াই শত শত লক্ষ লোককে শান্তি ও স্থাস্বচ্ছন্দে রাখিতে পারেন, তাঁহারা কি কোনরূপ সম্মান পাইবার যোগ্য নহেন ? শত শত শতাব্দী ধরিয়া অপরের উপর বিন্দুমাত্র অত্যাচার না করিয়া লক্ষ লক্ষ লোকের অদৃষ্ট-চক্রকে পরিচালনা করাতে কি কোনরূপ শক্তির বিকাশ লক্ষিত হইতেছে না ?

সকল প্রাচীন জাতির পুরাণেই বীরগণের উপাখ্যানে দেখা যায়,—তাঁহাদের প্রাণ তাঁহাদের শরীরের কোন বিশেষ ক্ষুদ্র অংশে আবদ্ধ ছিল। যতদিন উহার উপর হাত পড়ে নাই, ততদিন তাঁহারা অজেয় ছিলেন। এইরূপ বােধ হয়, যেন প্রত্যেক জাতিরই এইরূপ বিশেষ বিশেষ স্থানে জীবনীশক্তি সঞ্চিত আছে; তাহাতে হাত না পড়িলে কোন ছাংখবিপদেই সেই জাতিকে নাশ করিতে পারে না।

ধর্মাই ভারতের এই জীবনীশক্তি। যতদিন না হিন্দু

জাতি তাহার পূর্ববপুরুষগণের নিকট উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত জ্ঞান বিম্মৃত হইতেছে, ততদিন জগতে এমন কোন শক্তি নাই, যাহা উহাকে ধ্বংস করিতে পরে।

যে ব্যক্তি সর্ববদাই স্বজাতির অতীত কার্য্যকলাপের অলোচনা করে, আজকাল সকলেই তাহাকে নিন্দা করিয়া থাকেন। তাঁহারা বলেন, এইরূপ ক্রুমাগত অতীতের আলোচনাতেই হিন্দুজাতির নানারূপ চুঃখ- চুর্বিপাক ঘটিয়াছে। কিন্তু আমার বোধ হয়, ইহার বিপরীতটিই সত্য যতদিন হিন্দুজাতি তাহার অতীতের গোরব, অতীতের ইতিহাস ভুলিয়া ছিল, তত দিন উহা সংজ্ঞাহীন অবস্থায় পড়িয়াছিল। যতই অতীতের আলোচনা হইতেছে, ততই চারিদিকে পুনরুজ্জীবনের লক্ষণ দেখা যাইতেছে। ভবিশ্বৎকে এই অতীতের হাঁচে ঢালিতে হইবে, অতীতই ভবিশ্বৎ হইবে।

এতএব হিন্দুগণ যতই তাঁহাদের অতীত ইতিহাসের আলোচনা করিবেন, তাঁহাদের ভবিশ্বৎ ততই উজ্জ্বলতর হইবে আর যে কেহ এই অতীতকে প্রত্যেক ব্যক্তির আয়ন্ত করিবার চেষ্টা করিতেছেন, তিনিই স্বজাতির পরম হিতকারী। আমাদের পূর্ববপুরুষগণের আচার ও নিয়মগুলি মন্দ ছিল বলিয়া ভারতের অবনতি হয় নাই

# হিন্দুধর্ম্মের ক্রমাভিব্যক্তি

কিন্তু এই অবনতি হইবার কারণ এই ষে, ঐগুলির ষেক্রপ ভায়তঃ পরিণাম হওয়া উচিত ছিল, তাহা হইতে দেওয়া হয় নাই।

ভারতেতিহাসের প্রত্যেক বিচারশীল পাঠকই জানেন, ভারতের সামাজিক বিধানগুলি যুগে যুগে পরিবর্ত্তিত হইয়াছে।

প্রথম হইতেই এই নিরমগুলি কালে ধীরে ধীরে ক্রমাভিব্যঞ্জমান এক বিরাট্ উদ্দেশ্যের তদানীস্তন সমাজে প্রতিফলনের চেফ্টাস্বরূপ ছিল। প্রাচীন ভারতের ঋষিগণ এত দূরদর্শী ছিলেন যে, জগৎকে তাঁহাদের জ্ঞানের মহন্ব বুঝিতে এখনও অনেক শতাবদী অপেক্ষা করিতে হইবে। আর তাঁহাদের বংশধরগণের, এই মহান্ উদ্দেশ্যের পূর্ণভাব ধারণার অক্ষমতাই ভারতের অবনতির একমাত্র কারণ।

প্রাচীন ভারত শত শত শতাব্দী ধরিয়া তাহার সর্ব্ব-প্রধান ব্রাহ্মণ ও ক্ষত্রিয় চুই জাতির—উচ্চাভিলামপূর্ণ অভিসন্ধি সাধনের যুদ্ধক্ষেত্র ছিল।

একদিকে ব্রাহ্মণগণ, সাধারণ প্রজাগণের উপর ক্ষত্রিয়গণের অবৈধ সামাজিক অত্যাচার নিবারণে বন্ধ-পরিকর ছিলেন—এই প্রজাগণকে ক্ষত্রিয়গণ আপনাদের ধর্ম্মসঙ্গত খাছারূপে নির্দেশ করিতেন। অপর দিকে,

ক্ষত্রিয়গণই ভারতে একমাত্র শক্তিসম্পন্ন জাতি ছিলেন, বাঁহারা ব্রাক্ষণগণের আধ্যাত্মিক অত্যাচার ও লোক-গণকে বন্ধন করিবার জন্ম তাঁহারা যে ক্রমবর্দ্ধমান নূতন নূতন ক্রিয়াকাণ্ড প্রবেশ করাইতেছিলেন, তাহার বিরুদ্ধে চেন্টা করিয়া ক্রিংপরিমাণে কৃতকার্য্য হইয়া-ছিলেন।

উভয় জাতির এই সংঘর্ষ অতি প্রাচীন কাল হইতেই আরম্ভ হইয়ছিল। সমুদয় শ্রুতির ভিতরেই ইহা অতি স্থাপ্রইভাবে লক্ষিত হইতে পারে। এক মুহূর্ত্তের জন্ম এই বিরোধ মন্দীভূত হইল, যখন ক্ষত্রিয়দল ও জ্ঞানকাণ্ডের নেতা শ্রীকৃষ্ণ উভয় দলের সামঞ্জন্ম কিরূপে হইতে পারে, দেখাইয়া দিলেন। তাহার ফল গীতার শিক্ষা, যাহা ধর্মা, দর্শন ও উদারতার সারস্থরূপ। কিন্তু বিরোধের কারণ তখনও বর্তুমান ছিল স্থতরাং তাহার ফল অবশাস্ভাবী। সাধারণ দরিদ্র মূর্থ প্রজার উপর প্রভূত্ব করিবার উচ্চাকাজ্কা পূর্ব্বোক্ত ছই জাতিরই বর্তুমান ছিল স্থতরাং আবার প্রবলভাবে বিরোধ জাগিয়া উচিল। আমরা সেই সময়কার যৎসামান্য সাহিত্য যাহা প্রাপ্ত হই, তাহা সেই প্রাচীনকালের প্রবল বিরোধের ক্ষম শ্রীণ প্রতিধানি মাত্র কিন্তু অবশেষে ক্ষত্রিয়ের জয় হইল, জ্ঞানের জয় হইল, স্থাধীনতার জয় হইল আর

48

# হিন্দুধর্ম্মের ক্রমাভিবাক্তি

কর্ম্মকাণ্ডের প্রাধান্ত রহিল না, কর্ম্মকাণ্ডের অধিকাংশ একেবারে চিরকালের জন্ম চলিয়া গেল।

এই উত্থানের নাম বৌদ্ধ সংস্কার। ধর্ম্মের দিকে উহাতে কর্ম্মকাণ্ড হইতে বিমুক্তি সূচনা করিতেছে আর রাজনীতির দিকে ক্ষত্রিয়গণের দ্বারা ব্রাক্ষণপ্রাধায় বিনাশ সূচিত হইতেছে।

ইহা বিশেষ লক্ষ্য করিবার বিষয় যে, প্রাচীন ভারতে যে সর্বল্রেষ্ঠ তুইজন ব্যক্তি জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহারা উভয়েই ক্ষত্রিয় ছিলেন—কৃষ্ণ ও বুদ্ধ—ইহা আরো বেশী লক্ষ্য করিবার বিষয় যে, এই তুই অবতারই লিঙ্গ-জাতিবর্ণনির্বিশেষে সকলকেই জ্ঞানের স্বার খুলিয়া দিয়াছিলেন।

ধ্বীদ্ধর্মের অদ্ভূত নীতিবলসত্বেও উহার অধিকাংশ শক্তিই ধ্বংসকার্য্যে নিয়োজিত হওয়াতে উহাকে উহার জন্মভূমিতেই মৃত্যুলাভ করিতে হইল আর উহার ধাহা কিছু অবশিষ্ট রহিল, তাহাও, উহা যে সকল কুসংস্কার ও ক্রিয়াকাগু নিবারণে নিয়োজিত হইয়াছিল, তদপেক্ষা শতগুণ ভয়ানক কুসংস্কার ও ক্রিয়াকাগু পূর্ণ হইয়া উচিল। যদিও উহা আংশিক ভাবে বৈদিক পশুবলি নিবারণে কৃতকার্য্য হইয়াছিল, কিন্তু উহা সমুদ্য় দেশকে মন্দির, প্রতিমা, যন্ত্র ও সাধুগণের অন্তিতে পূর্ণ করিয়া ফেলিল।

বিশেষতঃ, উহার বারা আর্যা, মঙ্গোলীয় ও আদিম নিবাসী জাতির যে একটি কিন্তৃত কিমাকার মিশ্রণ হইল, তাহাতে অজ্ঞাতসারে কতকগুলি বীভৎস বামাচার সম্প্রদারের স্থি হইল। প্রধানতঃ এই কারণেই সেই মহান্ আচার্য্যের উপদেশাবলীর এই বিকৃত পরিণতিকে শ্রীবৃদ্ধ ও তাঁহার সম্যাসিসম্প্রদায়কে ভারত হইতে তাড়াইতে হইয়াছিল।

এইরপে মনুষ্যদেহধারিগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ ভগবান্
বুদ্ধ কর্তৃক পরিচালিত সঞ্জীবন শক্তিপ্রবাহও পৃতিগন্ধময় রোগবীজপূর্ণ ক্ষুদ্র আবদ্ধ জলাশয়ে পরিণত হইল
এবং ভারতকেও অনেক শতাবদী ধরিয়া অপেক্ষা করিতে
হইল, যতদিন না ভগবান্ শঙ্কর এবং তাহার কিছু পরেই
রামানুজ ও মধ্বাচার্য্যের অভ্যুদ্য হইল।

ইতিমধ্যে ভারতেতিহাসের এক সম্পূর্ণ নূতন পরিচেছদ আরম্ভ হইয়াছিল। প্রাচীন ব্রাহ্মণ ও ক্ষত্রিয় জাতি অন্তর্হিত হইয়াছিলেন। হিমালয় ও বিস্কোর

া, যাহা কৃষ্ণ ও বুদ্ধকে প্রসব করিয়া ছিল, যাহা মহামান্য রাজর্ষি ও ব্রহ্মবিগণের ক্রীড়াভূমি ছিল, তাহা নীরব রহিল; আর ভারত উপদ্বীপের সর্বব নিম্নদেশ হইতে, ভাষা ও আকারে সম্পূর্ণ বিভিন্ন জাতি হইতে, প্রাচীন ব্রাহ্মণগণের বংশধর বলিয়া গোরবকারী

### হিন্দুধর্ম্মের ক্রমাভিব্যক্তি

বংশসমূহ হইতে, বিকৃত বৌদ্ধধর্ম্মের বিরুদ্ধে প্রতিক্রিয়া আরম্ভ হইল।

আর্য্যাবর্ত্তের সেই ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণ কোথায় গেলেন ? তাঁহাদের একেবারে লোপ হইল, কেবল এখানে ওখানে ব্রাহ্মণত্ব বা ক্ষত্রিয়ত্বাভিমানী কতকগুলি মিশ্র জাতি রহিল। আর তাঁহাদের 'এতদ্দেশপ্রসূতস্ত সকাশাদগ্রজন্মন:। স্বং স্বং চরিত্রং শিক্ষেরন্ পৃথিব্যাং সর্ববিমানবাঃ॥' (মনু)—'এই এই দেশ (ব্রহ্মবর্ত্ত বা ব্রহ্মবিদেশ) প্রসূত ব্রাহ্মণগণের নিকট হইতে পৃথিবীর সকল মানুষ আপন আপন চরিত্র শিক্ষা করিবে,' এইরূপ অহয়ত, আত্মশ্রাঘাময় উক্তি সত্ত্বেও তাঁহাদিগকে অতি বিনয়ের গহিত দীনবেশে দাক্ষিণাত্যবাসিগণের পদতলে বসিয়া শিক্ষা করিতে হইয়াছিল। ইহার ফলস্বরূপ ভারতে পুনরায় বেদের অভ্যুদয় হইল—বেদান্তের যে পুনরুত্থান হইল, এরূপ বেদাস্তের চর্চা আর কখন হয় নাই, গৃহন্থেরা পর্য্যন্ত আরণ্যকপাঠে নিযুক্ত হইলেন। বৌদ্ধধর্ম প্রচারে ক্ষত্রিয়েরাই প্রকৃত নেতা ছিলেন।

বৌদ্ধশন্ম প্রচারে ক্ষাত্রয়েরাই প্রকৃত নেতা ছিলেন।
এবং দলে দলে তাঁহারা বৌদ্ধ হইয়ছিলেন। সংস্কার ও
ধর্ম্মান্তরকরণের উৎসাহে সংস্কৃত ভাষা উপেক্ষিত হইয়া
লোকপ্রচলিত ভাষাসমূহের চর্চা প্রবল হইয়াছিল।
আর অধিকাংশ ক্ষত্রিয়ই বৈদিক সাহিত্য ও সংস্কৃত

শিক্ষার বহিত্ ত হইয়া পড়িয়াছিলেন। স্কুরাং দাক্ষিণাত্য হইতে যে এই সংস্কারতরঙ্গ আসিল, তাহাতে কিয়ৎপরিমাণে কেবলমাত্র ব্রাহ্মণগণেরই উপকার হইল। কিস্তু ভারতের অবশিষ্ট লক্ষ লক্ষ লোকের পদদেশে উহা পূর্বব হইতেও অধিক শৃঙ্খল পরাইল।

ক্ষত্রিরগণ চিরকালই ভারতের মেরুদণ্ড স্বরূপ স্তরাং তাঁহারাই বিজ্ঞান ও স্বাধীনতার সনাতন রক্ষক। দেশ হইতে কুসংক্ষার তাড়াইবার জন্ম চিরকাল তাঁহারা বজ্রবাণী উচ্চারণ করিয়া গিয়াছেন আর ভারতেতিহাসের প্রথম হইতে শেষ পর্যান্ত তাঁহারা ব্রাহ্মণকুলের অত্যাচার হইতে সাধারণকে রক্ষা করিবার অভেচ্চ প্রাচীরস্বরূপ হইয়া দণ্ডায়মান আছেন।

যখন তাঁহাদের অধিকাংশ ঘোর অজ্ঞানে নিমগ্ন হইলেন আর অপরাংশ মধ্য এসিয়ার বর্বর জাতির সহিত শোণিতসম্বন্ধ স্থাপন করিয়া ভারতে পুরোহিত গণের অপ্রতিহত শক্তি স্থাপনে তরবারি নিয়োজিত করিলেন, তখনই ভারতের পাপের মাত্রা পূর্ণ হইয়া আসিল আর ভারতভূমি একেবারে ডুবিয়া গেল,—কখনও আর উঠিবেও না, যতদিন না ক্ষত্রিয় নিজে জাগরিত হইয়া আপনাকে মুক্ত করিয়া অবশিষ্ট জাতিগণের চরণ শুখল উন্মোচন করিয়া দেন। পৌরোহিত্যই ভারতের

### হিন্দুধর্ম্মের ক্রমাভিব্যক্তি

সর্বনাশের মূল। মানুষ নিজ ভাতাকে হীনাকত্ব করিয়া স্বয়ং কি কখন হীনভাবাপন্ন না হইয়া থাকিতে পারে ?

জানিবেন, রাজাজী, আপনার পূর্ববপুরুষগণের স্বারা আবিষ্ণত সত্যসমূহের মধ্যে সর্ববশ্রেষ্ঠ সত্য—এই ব্রক্ষাণ্ডের একত্ব। কোন ব্যক্তি কি আপনার কিছুমাত্র অনিষ্ট না করিয়া অপরের অনিষ্ট করিতে পারে ? এই ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের অত্যাচারসমষ্টি চক্রবৃদ্ধির নিয়মে তাঁহাদের মস্তকে এই সহস্রবর্ষব্যাপী দাসত্ব ও অবনতি আনয়ন করিয়াছে—তাঁহারা অনিবার্য্য কর্ম্মফলই ভোগ করিতেছেন। আপনাদেরই একজন পূর্ববপুরুষ বলিয়া ছিলেন, 'ইহৈব তৈৰ্জ্জিভঃ সৰ্গো ষেষাং সাম্যে স্থিতং মনঃ।' 'যাঁহাদের মন সামাভাবে অবস্থিত, তাঁহারা জীব-দ্দশাতেই সংসারজয় করিয়াছেন।' তাঁহাকে লোকে ভগবানের অবতার বলিয়া বিশ্বাস করিয়া থাকে. আমরা সকলেই ইহা বিশ্বাস করি। তবে কি তাঁহার এই বাক্য অর্থহীন প্রলাপমাত্র ? যদি না হয়, আর আমরা জানি তাহা নয়, তবে জন্ম, লিঙ্গ, এমন কি গুণ পর্যাস্ত বিচার না করিয়া সমুদয় হৃষ্ট জগতের এই সম্পূর্ণ সাম্যের বিরুদ্ধে বে কোন চেষ্টা, তাহা ভয়ানক ভ্রমপূর্ণ আর বতদিন না কেহ এই সাম্যজ্ঞান লাভ করিতেছে, ততদিন সে কখনই মুক্ত হইতে পারে না।

অতএব হে রাজন্, আপনি বেদান্তের উপদেশাবলী পালন করুন,—অমুক ভাষ্যকার বা টীকাকারের ব্যাখ্যাত্মসারে নহে, আপনার অন্তর্যামী আপনাকে যেরূপ
বুঝাইয়াছেন, সেইরূপ ভাবে। সর্ব্বোপরি এই সর্ব্বভূতে,
সর্ব্বস্তুতে সমজ্ঞানরূপ মহান্ উপদেশ প্রতিপালন করুন
সর্বভূতে সেই এক ভগ্নান্কে নিরীক্ষণ করুন।

ইহাই মুক্তির পথ; বৈষম্যই বন্ধনের পথ। কোন ব্যক্তি বা কোন জাতি বাহ্য একত্ব জ্ঞান ব্যতীত বাহ্য স্বাধীনতা লাভ করিতে পারে না, আর সকলের মানসিক শক্তির একত্বজ্ঞান ব্যতীত মানসিক স্বাধীনতাও লাভ করিতে পারে না।

অজ্ঞান, ভেদবৃদ্ধি ও বাসনা, এই তিনটিই মানব জাতির ছংখের কারণ, আর উহাদের মধ্যে একটির সহিত অপরটির অচ্ছেছ্য সম্বন্ধ। একজন মানুষের আপনাকে অপর কোন মানুষ হইতে, এমন কি, পশু হইতেও শ্রেষ্ঠ ভাবিবার কি অধিকার আছে? বাস্তবিক ত সর্বব্রই এক বস্তু বিরাজিত। 'হং স্ত্রী হং পুমানসি হং কুমার উত বা কুমারী,'—'তুমি স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার আবার তুমিই কুমারী।'

অনেকে বলিবেন, 'এরূপ ভাবা সন্ন্যাসীর শোভা পায়, তাঁহাদের পক্ষে ইহাই ঠিক বটে, কিন্তু আমরা

### হিন্দুধর্ম্মের ক্রমাভিবাক্তি

যে গৃহস্থ! অবশ্য গৃহস্থকে অন্থান্য অনেক কর্ত্তব্য করিতে হয় বলিয়া সে ততটা এই সাম্যভাবে অবস্থিত হইতে পারে না, কিন্তু তাহাদেরও ইহা আদর্শ হওয়া উচিত। এই সমস্থভাব লাভ করাই সমুদ্য সমাজের, সমুদ্য জীবের ও সমুদ্য প্রকৃতির আদর্শ। কিন্তু হায়, লোকে মনে করে, বৈষম্যই এই সমজ্ঞান লাভের উপায়। এ যেন অন্যায় কাজ করিয়া ন্যায় পথে পঁছছানর মত হইল!

ইহাই মনুষ্যপ্রকৃতির যোর তুর্বলতা, মনুষ্যজাতির উপর অভিশাপশ্বরূপ, সকল তুঃখের মূলস্বরূপ—এই বৈষম্য। ইহাই ভৌতিক, মানসিক ও আধ্যাত্মিক সর্ববিধ বন্ধনের মূল।

'লমং পশ্যন্ হি সর্বত্ত সমবস্থিতমীশ্বম্।

ন হিনস্ত্যাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্॥'

'ঈশরকে সর্বত্র সমভাবে অবস্থিত দেখিয়া তিনি আত্মা দ্বারা আত্মাকে হিংসা করেন না, স্থতরাং পরম গতি লাভ করেন।'

এই একটি শ্লোকের দারা, অল্প কথার মধ্যে মুক্তির সার্ববভৌমিক উপায় বলা হইয়াছে।

রাজপুত আপনার। প্রাচীন ভারতের গোরবম্বরূপ। আপনাদের অবনতি হইতে আরম্ভ হইলেই জাতীয় অবনতি আরম্ভ হইল। আর ভারত তাহা হইলেই

কেবল উঠিতে পারে, যদি ক্ষত্রিয়গণের বংশধরগণ ব্রাহ্মণের বংশধরগণের সহিত সমবেত চেফীয় বন্ধপরিকর হন, লুঠিত ঐশ্বর্যা ও ক্ষমতা ভাগ করিয়া লইবার জন্ম নহে, অজ্ঞানগণকে জ্ঞানদানের জন্য ও পূর্ববপুরুষগণের পবিত্র বাসভূমির বিনষ্ট গৌরব পুনরুদ্ধারের জন্য।

আর কে বলিতে পারে, ইহা শুভ মুহূর্ত্ত নহে 🤋 আবার কালচক্র ঘুরিয়া আসিতেছে, পুনর্ববার ভারত হইতে সেই শক্তিপ্রবাহ বাহির হইয়াছে, যাহা অনতি-দীর্ঘকালমধ্যে নিশ্চরই জগতের চরম প্রান্তে পৌছিবে। এক বাণী উচ্চারিত হইয়াছে, যাহার প্রতিধ্বনি প্রবাহিত হইয়া চলিয়াছে, প্রতিদিন অধিক হইতে অধিকতর শক্তিসংগ্রহ করিতেছেন, আর এই বাণী ইহার পূর্ববর্ত্তী সকল বাণী হইতেই অধিক শক্তিশালী, কারণ, উহা উহার পূর্বববর্তী বাণীগুলির সমষ্টিস্বরূপ। বে বাণী একদিন সরস্বতীতীরে ঋণিগণের নিকট প্রকাশিত হইয়াছিল, যাহার প্রতিধানি নগরাজ হিমালয়ের চূড়ায় চূড়ায় প্রতিধানিত হইতে হইতে কৃষ্ণ, বুদ্ধ ও চৈতন্যের ভিতর দিয়া সমতল প্রদেশে নামিয়া দেশ প্লাবিত করিয়া ফেলিয়াছিল, তাহা আবার উচ্চারিত হইয়াছে। আবার দার উদযাটিত হইয়াছে। সকলে আলোর রাজে প্রবেশ কর—ধার আবার উদযাটিত হইয়াছে।

## হিন্দুধর্ম্মের ক্রমাভিব্যক্তি

আর হে প্রিয় মহারাজ, আপনি সেই জাতির বংশধর, যাহা সনাতন ধর্ম্মের জীবন্ত অবলম্বনস্তম্ভস্করপ এবং ইহার অঙ্গীকারবন্ধ রক্ষক ও সাহায্যকারী: আপনিই কি ইহা হইতে দুরে থাকিবেন ? আমি জানি, তাহা কখন হইতে পারে না। আমার নিশ্চয় ধারণা, আপনারই হস্ত আবার প্রথমেই ধর্ম্মের সাহায্যার্থ প্রসারিত হইবে। আর যখনই, হে রাজা অজিৎ সিং. আমি আপনার সম্বন্ধে চিন্তা করি, যাঁহাতে আপনাদের বংশের সর্ববপরিচিত বৈজ্ঞানিক শিক্ষার সহিত এমন চরিত্রের (যাহা থাকিলে একজন সাধুও গোরবান্বিত হইতে পারেন ). এবং সর্বব মানবে অসীম প্রেমের যোগ হইয়াছে, যখন এইরূপ ব্যক্তিগণ সনাতন ধর্ম পুনর্গঠন করিতে ইচ্ছুক, তখন আমি উহার মহা-গোরবময় পুনরুদ্ধারে বিশ্বাসী না হইয়া থাকিতে পারি না। চিরকালের জন্ম আপনার উপর ও আপনার স্বজন গণের উপর শ্রীরামক্ষের আশীর্বাদ বর্ষিত হউক আর আপনি পরের হিত ও সত্যপ্রচারের জগ্য দীর্ঘকাল জীবিত থাকুন, ইহাই সর্ববদা বিবেকানন্দের প্রার্থনা।

# ভারতবন্ধু অধ্যাপক ম্যক্সমূলার

'ব্ৰহ্মবাদিন্' সম্পাদক মহাশয়,

যদিও আমাদের 'ব্রহ্মবাদিনের' পক্ষে কর্ম্মের আদর্শ চিরকালই থাকিবে,—'কর্ম্মণোবাধিকারস্তে মা ফলেষু কদাচন,' 'কর্মেই তোমার অধিকার, ফলে কখনই নয়,'—কিন্তু কোন অকপট কর্ম্মীরই কর্ম্মক্ষেত্র হইতে অবসর গ্রহণের পূর্বের এমন একেবারে হয় না যে, লোকে তাঁহার কিছু না কিছু পরিচয় পায়।

আমাদের কার্য্যের আরম্ভ খুবই মহৎ হইয়াছে আর আমাদের বন্ধুগণ এ বিষয়ে যে দৃঢ় আন্তরিকতা দেখাইয়া-ছেন, তাহার শতমুখে প্রশংসা করিলেও পর্য্যাপ্ত বলা হইল বলিয়া বোধ হয় না। অকপট বিশাস ও সৎ অভিসন্ধি নিশ্চয়ই জয় লাভ করিবে আর এই ছই আল্রে সজ্জিত হইয়া অতি অল্লসংখ্যক ব্যক্তিও নিশ্চয়ই সর্বব বিদ্লকে পরাজয় করিতে সমর্থ হইবে।

কপট অলোকিক জ্ঞানাভিমানিগণ হইতে সর্বাদা দূরে থাকিবে। অলোকিক জ্ঞান হওয়া যে অসম্ভব, তাহা নয়, তবে এই জগতে যাহার। এইরূপ জ্ঞানের দাবী করে, তাহাদের মধ্যে পনের আনার কাম কাঞ্চন

### ভারতবন্ধু অধ্যাপক মাক্সমূলার

যশংস্পৃহারূপ গুপ্ত অভিসন্ধি আছে, আর বাকি এক আনার মধ্যে তিন পাই লোকের অবস্থা ডাক্তার কবি-রাজের বিশেষ আলোচনার বিষয় বটে, কিন্তু দার্শনিক-গণের নহে।

আমাদের প্রথম ও প্রধান প্রয়োজন—চরিত্র গঠন— যাহাকে প্রতিষ্ঠিত প্রজ্ঞা বলা যায়। ইহা যেমন প্রত্যেক ব্যক্তির আবশ্যক, ব্যক্তির সমষ্টি সমাজেও তজ্ঞপ। জগৎ প্রত্যেক নৃতন উভ্তমের উপর, এমন কি, ধর্মপ্রচারের নৃতন উভ্যমের উপরও সন্দেহের চক্ষে দেখিয়া থাকে বলিয়া বিরক্ত হইও না। তাহাদের অপরাধ কি ? কত বার কত লোকে তাহাদিগকে প্রতারিত করিয়াছে। যতই সংসার কোন নৃতন সম্প্রদায়ের দিকে সন্দেহের দৃষ্টিতে দেখে, অথবা উহার প্রতি কতকটা বৈরিভাবাপন্ন হয়, উহার পক্ষে ততই মঙ্গল। যদি এই সম্প্রদায়ে প্রচারের উপযুক্ত কোন সভ্য থাকে, যদি বাস্তবিক কোন অভাব-মোচনের জন্মই উহার জন্ম হইয়া থাকে, তবে শীঘ্রই নিন্দা প্রশংসায় এবং দ্বুণা প্রীতিতে পরিণত হয়। আজ কাল লোকে প্রায় ধর্মকে কোনরূপ সামাজিক বা রাজ-নৈতিক উদ্দেশ্য সাধনের উপায় স্বরূপে লইয়া থাকে। এ বিষয়ে সাবধান থাকিবে। ধর্মের উদ্দেশ্য ধর্ম। যে ধর্ম কেবলমাত্র সাংসারিক স্থাথের উপায় স্বরূপ, তাহা আর

বাহা হউক, ধর্ম্ম নহে। আর অবাধে ইন্দ্রিয়-স্থভোগ বাতীত মনুয় জীবনের অপর কোন উদ্দেশ্য নাই, ইহা বলিলে ধর্ম্মের বিরুদ্ধে, ঈশ্বরের বিরুদ্ধে এবং মনুয়-প্রকৃতির বিরুদ্ধে যোরতর অপরাধ করা হয়।

সত্য, পবিত্রতা ও নিংস্বার্থপরতা, যে ব্যক্তিতে এই-গুলি বর্ত্তমান, স্বর্গে, মর্ত্তো, পাতালে এমন কোন শক্তি নাই যে, উহাদের অধিকারীর কোন ক্ষতি করিতে পারে। এইগুলি সম্বল থাকিলে সমুদ্য ব্রহ্মাণ্ড বিপক্ষ হইয়া দাঁড়াইলেও এক ব্যক্তি তাহাদের সম্মুখীন হইতে পারে।

সর্বোপরি সাবধান হইতে হইবে, অপর ব্যক্তি বা সম্প্রদারের সহিত আপোষ করিতে ঘাইও না। আমার এ কথা বলিবার ইহা উদ্দেশ্য নহে ষে, কাহারও সহিত বিরোধ করিতে হইবে, কিন্তু স্থেই হউক, ছঃখেই হউক, নিজের ভাব সর্বদা ধরিয়া থকিতে হইবে, দল বাড়াই-বার উদ্দেশ্যে ভোমার মতগুলিকে অপরের নানারূপ খেয়ালের অনুযায়ী করিতে ঘাইও না। ভোমার আত্মা সমুদ্য ব্রহ্মাণ্ডের আত্রায়, ভোমার আবার অপর আত্রারের প্রয়োজন কি ? সহিষ্ণুতা, প্রীতি ও দৃঢ়তার সহিত অপেক্ষা কর; যদি এখন কোন সাহায্যকারী না পাও, সময়ে পাইবে। তাড়াতাড়ির আবশ্যকতা কি ? সব

## ভারতবন্ধু অধ্যাপক ম্যক্সমূলার

মহৎ কার্য্যের আরম্ভের সময় উহার অস্তিত্বই বেন বুঝা যায় না—কিন্তু তথনই বাস্তবিক উহাতে যথার্থ কার্য্যশক্তি সঞ্চিত থাকে।

কে ভাবিয়াছিল যে, স্থদূর বঙ্গীয় পল্লীগ্রামের একজন দরিদ্র ব্রাহ্মণতনয়ের জীবন ও উপদেশ—এই কয়েকবর্ষের মধ্যে এমন দূরদেশের লোকে জানিতে পারিবে, বাহার কথা আমাদের পূর্ব্বপুরুষেরা স্বপ্নেও কখন ভাবেন নাই ? অমি ভগবান্ রামকুষ্ণের কথা বলিতেছি। শুনিয়াছ কি, অধ্যাপক্ ম্যাক্সমূলার 'নাইনটাস্ সেঞ্রী' পত্রিকায় শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে এক প্রবন্ধ লিখিয়াছেন এবং যদি উপযুক্ত উপাদান পান, তবে আনন্দের সহিত তাঁহার জীবনী ও উপদেশের আরো বিস্তারিত বিবরণ সম্বলিত একখানি গ্রন্থ লিখিতে প্রস্তুত আছেন ? অধ্যাপক ম্যাক্সমূলার একজন অসা-ধারণ ব্যক্তি। আমি দিন কয়েক পূর্বেব তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলাম। প্রকৃত পক্ষে বলা উচিত, আমি তাঁহাকে তাঁহার প্রতি আমার ভক্তি নিবেদন করিতে গিয়াছিলাম। কারণ, যে কোন ব্যক্তি শ্রীরাম-कुरुक जानवारमन, जिनि छोहे रुपेन, পুरुषरे रुपेन, তিনি যে কোন সম্প্রদায়, মত বা জাতিভুক্ত হউন না কেন, তাঁহাকে দর্শন করিতে যাওয়া আমি তীর্থ যাত্রা

তুল্য জ্ঞান করি। 'মন্তক্তানাঞ্চ যে ভক্তান্তে মে ভক্তামা মতাং,'—'আমার ভক্তের যাহারা ভক্ত, তাহারা আমার সর্বব্যোষ্ঠ ভক্ত।' ইহা কি সত্য নহে ?

অধ্যাপক প্রথমে স্বর্গীয় কেশবচন্দ্র সেনের জীবনে হঠাৎ গুরুতর পরিবর্ত্তন কি শক্তিতে হইল, তাহাই অমুসন্ধান করিতে প্রবৃত্ত হন, তাহার পর হইতে শ্রীরাম-কৃষ্ণের জীবন ও উপদেশের প্রতি বিশেষ আকৃষ্ট হন ও উহাদের চর্চা আরম্ভ করেন। আমি বলিলাম, "অধ্যাপক মহাশয়, আজকাল সহস্র সহস্র লোকে রামকৃঞ্চের পূজা করিতেছে।" অধ্যাপক বলিলেন, "এরূপ ব্যক্তিকে লোকে পূজা করিবে না ত কাহাকে পূজা করিবে ?" অধ্যাপক যেন সহৃদয়তার মূর্ত্তিবিশেষ। তিনি ফার্ডি সাহেব ও আমাকে তাঁহার সহিত জলযোগের নিমন্ত্রণ করিলেন এবং আমাদিগকে অক্সফোর্ডের কতকগুলি কলেজ ও বোডলিয়ান পুস্তকাগার (Bodleian Library) দেখাইলেন। রেলওয়ে ফৌশন পর্যান্ত আমাদিগকে পৌঁছাইয়া দিয়া আসিলেন, আর আমাদিগকে এত যত্ন কেন করিতেছেন জিজ্ঞাসা করিলে বলিলেন, "রামকৃষ্ণ পরমহংসের একজন শিষোর সহিত ত আর প্রতাহ সাক্ষাৎ হয় না।" এ বাস্তবিক আমি নূতন কথা শুনিলাম। স্থূন্দর উদ্ভানসমন্বিত সেই মনোরম

## ভারতবন্ধু অধাপিক মাকসমূলার

কুদ্র গৃহ, সপ্ততিবর্ষ বয়ংক্রম সত্তেও সেই স্থিরপ্রাসন্নানন, বালস্থলভ মস্থা ললাট, রজতশুভ কেশ ঋষি-হৃদয়ের কোন নিভৃত অন্তরালে গভীর আধ্যাত্মিকতার খনির অন্তিত্ব সূচক সেই মুখের প্রত্যেক রেখা, তাঁহার সমুদর জীবনের সঙ্গিনী সেই উচ্চাশয়া সহধর্মিণী, (বে জীবন প্রাচীন ভারতের ঋষিগণের চিন্তারাশির প্রতি সহাসুভূতি আকর্ষণ, উহার প্রতি লোকের বিরোধ ও ঘুণা অপনয়ন এবং অবশেষে শ্রহ্মা উৎপাদনরূপ দীর্ঘকালব্যাপী কঠোর কার্য্যে ব্যাপৃত ছিল ) তাঁহার সেই উত্যানের তরুরাজি, পুষ্পনিচয়, তথাকার নিস্তব্ধ ভাব ও নির্ম্মল আকাশ এই সমুদ্র মিলিয়া কল্পনায় আমার প্রাচীন ভারতের সেই গৌরবের যুগে লইয়া গেল ; যথন ভারতে ব্রহ্মিষ্টি ও রাজ্যিগণের, উচ্চাশয় বানপ্রস্থি-গণের, অরুন্ধতী ও বশিষ্ঠগণের নিবাস ছিল।

অমি তাঁহাকে ভাষাতত্ত্বিৎ বা পণ্ডিতরূপে দেখিলাম
না, দেখিলাম যেন কোন আত্মা দিন দিন ত্রন্মের সহিত
আপন একত্ব অনুভব করিতেছেন, যেন কোন অদর
অনস্তের সহিত এক হইবার জন্ম প্রতি মুহূর্ত্তে প্রসারিত
হইতেছে। যেখানে অপরে শুক্ষ অপ্রয়োজনীয় তত্ত্বসমূহের বিচাররূপ মরুতে দিশাহারা হইয়াছে, সেখানে
তিনি এক অমৃত কুপ খনন করিয়াছেন। তাঁহার

ছাদয়ধ্বনি বেন উপনিষদের সেই স্থরে সেই তালে ধ্বনিত হইতেছে, "তমেবৈকং জানথ আত্মানম্ স্বস্থা বাচো বিমুঞ্জ্থ,"—'সেই এক আত্মাকে জান, স্বস্থ বাক্য ত্যাগ কর।'

ষদিও তিনি একজন ব্রহ্মাণ্ড আলোড়নকারী পণ্ডিত ও দার্শনিক, তথাপি তাঁহার পাণ্ডিতা ও দর্শন তাঁহাকে ক্রমশঃ উচ্চ হইতে উচ্চে লইয়া গিয়া আত্মসাক্ষাৎকারে সমর্থ করিয়াছে, তাঁহার অপরা বিছ্যা বাস্তবিকই তাঁহাকে পরাবিদ্যা লাভে সহায়তা করিয়াছেন। ইহাই প্রকৃত বিদ্যা। বিদ্যা দদাতি বিনয়ং। জ্ঞান যদি আমাদিগকে সেই পরাৎপরের নিকট না লইয়া যায়, তবে জ্ঞানের আবশ্যকতা কি ?

আর ভারতের উপর তাঁহার কি অমুরাগ! যদি
আমার তাহার শতাংশের একাংশও থাকিত, তাহা হইলে
অমি ধন্ম হইতাম। এই অসাধারণ মনস্বী পঞ্চাশ বা
ততোধিক বৎসর ধরিয়া ভারতীয় চিস্তারাজ্যে বসবাস
ও বিচরণ করিয়াছেন; পরম আগ্রহ ও হাদরের
ভালবাসার সহিত সংস্কৃত সাহিত্যরূপ অনস্ত অরণ্যের
আলোও ছায়ার বিনিময় পর্যাবেক্ষণ করিয়াছেন, শেষে
ঐ সমুদয় তাঁহার হাদয়ে বসিয়া গিয়াছে এবং তাঁহার
সর্বাক্ষে উহার রঙ ধরাইয়া দিয়াছে।

## ভারতবন্ধু অধ্যাপক মাক্সমূলার

ম্যাক্সমূলার একজন যোর বৈদান্তিক। তিনি বাস্তবিক বেদান্তের স্থর বেস্থর ভিন্ন ভিন্ন ভাবের ভিতর উহার প্রকৃত তানকে ধরিয়াছেন। বাস্তবিক পক্ষে. বেদাস্ত সেই একমাত্র আলোক, বাহা পৃথিবীর সকল সম্প্রদায় ও মতকে আলোকিত করিতেছে, উহা সেই এক তব, সমুদয় ধর্মাই যাহার কার্য্যে পরিণতি মাত্র। আর রামকৃষ্ণ পরমহংস কি ছিলেন ? তিনি এই প্রাচীন তত্ত্বের প্রত্যক্ষ উদাহরণ, প্রাচীন ভারতের সাকার অবয়ব-স্বরূপ ও ভবিষ্যৎ ভারতের পূর্ববাভাসস্বরূপ—সকল জাতির নিকট আধ্যাত্মিক আলোকবাহকশ্বরূপ। চলিত কথায় আছে, জছরীই জহর চেনে। তাই বলি, ইহা কি বিস্ময়ের বিষয় যে, এই পাশ্চাত্য ঋষি ভারতীয় চিন্তাগগনে কোন নৃতন নক্ষত্রের উদয় হইলেই, ভারত-বাসিগণ উহার মহন্ব বুঝিবার পূর্বেই উহার প্রতি আকৃষ্ট হন ও উহার বিষয়ে বিশেষ আলোচনা করেন ?

আমি তাঁহাকে বলিয়াছিলাম, "আপনি কবে ভারতে আসিতেছেন ? ভারতবাসীর পূর্ববপুরুষগণের চিন্তারাশি আপনি ষথার্থ ভাবে লোকের সমক্ষে প্রকাশ করিয়াছেন, স্থতরাং তথাকার সকলেই আপনার শুভাগমনে আনন্দিত হইবে।" বৃদ্ধ ঋষির মুখ উজ্জ্বল হইয়। উঠিল, তাঁহার নয়নে এক বিন্দু অঞ্চ নির্গতিপ্রায় হইল—মৃত্ভাবে শির

সঞ্চালিত হইল—ধীরে ধীরে এই বাকাগুলি বাহির হইল, "তাহা হইলে আমি আর ফিরিব না; তোমাদের আমাকে সেখানে দাহ করিতে হইবে।" আর অধিক প্রেশ্ন মানব-ছলয়ের পবিত্র রহস্তপূর্ণ রাজ্যে অনধিকার-প্রবেশের স্থায় বোধ হইল। কে জানে, হয় ত কবি যাহা বলিয়াছিলেন, এ তাই—

> "তচ্চেতসা স্মরতি নূনমবোধপূর্ববম্। ভাবস্থিরানি জননাস্তরসোহদ্যানি॥"

'তিনি নিশ্চয়ই অজ্ঞাতভাবে হৃদয়ে দৃঢ়ভাবে নিবদ্ধ পূর্বব-জন্মের বন্ধুত্বের কথা ভাবিতেছেন।'

তাঁহার জীবন জগতের পক্ষে পরম মঙ্গলস্বরূপ হইয়াছে। ঈশ্বর করুন, যেন বর্ত্তমান শরীর ত্যাগ করিবার পূর্বেব তাঁহার বহু বহু বর্ষ যায়। ইতি ৬৩, সেন্ট জর্জ্জের রাস্তা, আপনার ইত্যাদি লগুন, দক্ষিণ-পশ্চিম, বিবেকানন্দ। ৬ই জুন, ১৮৯৬।

#### ডাঃ পল ডয়সেন। 🛊

দশবর্ষের অধিক অতীত হইল, কোন অনতিস্বচ্ছলাবস্থাপন্ন পাদরির আটটি সন্তানের অস্ততম জনৈক অল্পবয়স্ক জার্মন ছাত্র একদিন অধ্যাপক ল্যাসেনকে একটি
নূতন ভাষা ও সাহিত্য বিষয়ে—ইউরোপীয় পণ্ডিতবর্গের
পক্ষে তখনকার কালেও সম্পূর্ণ নূতন ভাষা ও সাহিত্য
অর্থাৎ সংস্কৃত ভাষা সম্বন্ধে—বক্তৃতা দিতে শুনিল। এই
বক্তৃতাগুলি শুনিতে অবশ্য পয়সা লাগিত না, কারণ,
এমন কি, এখন পর্যান্তও কোন ব্যক্তির পক্ষে কোন ইউরোপীয় বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত শিখাইয়া অর্থোপার্ক্তন
করা অসম্ভব—অবশ্য যদি বিশ্ববিদ্যালয় তাহার পৃষ্ঠপোষকতা করেন তবে স্বতন্ত্র কথা।

অধ্যাপক ল্যাসেন জার্ম্মনির সংস্কৃত বিদ্যা আলোচনা-কারিগণের অগ্রণীবর্গের—সেই বীরহদের জার্মন পণ্ডিত-দলের একরূপ শেষ প্রতিনিধি। এই পণ্ডিতকুল বাস্ত-বিকই বীরপুরুষ ছিলেন—কারণ, বিদ্যার প্রতি পবিত্র ও নিঃস্বার্থ প্রেম ব্যতীত তখন জার্মন বিদ্বন্থর্গের ভারতীয় সাহিত্যের প্রতি আকর্ষণের অস্তা কি কারণ বিদ্যামন

ব্রদ্ধবাদিন্ সম্পাদককে লিখিত ( ১৮৯৬ )

ছিল ? সেই বহুদর্শী অধ্যাপক শকুন্তলার একটি অধ্যায় ব্যাখ্যা করিতেছিলেন। আর সেদিন আমাদের এই যুবক ছাত্রটি যেরূপ আগ্রহ ও মনোযোগের সহিত ল্যাসনের ব্যাখ্যা শুনিতেছিল, এরূপ আগ্রহবান্ শ্রোতা আর কেহই তথায় উপস্থিত ছিল না। ব্যাখ্যাত বিষয়টি অবশ্য অতিশয় হাদয়গ্রাহী ও অভুত বোধ হইতেছিল, কিন্তু সর্ববাপেকা অঙুত সেই অপরিচিত ভাষা—উহার অপরিচিত শব্দ-গুলি---অনভাস্ত ইউরোপীয় মুখ হইতে উচ্চারিত হইলে উহার ব্যঞ্জনবর্ণগুলি যেরূপ কিন্তুত্কিমাকার মূর্ত্তি ধারণ করে, তজ্ঞপভাবে উচ্চারিত হইলেও—তাহাকে অন্তৃত-ভাবে মন্ত্রমুগ্ধ করিয়াছিল। সে নিজ বাসস্থানে ফিরিল, কিন্তু সে রাত্রির নিজায় সে যাহা শুনিয়াছিল, তাহা ভুলাইতে পারিল না। সে ষেন এতদিনের অজ্ঞাত অচেনা দেশের চকিত দর্শন পাইল, এদেশ যেন তাহার দৃষ্ট অন্থ সমুদয় দেশ অপেক্ষা বর্ণখেলায় অধিক সমুক্ষল, উহার যেমন মোহিনীশক্তি, এই উদ্দাম যুবক-হৃদয় আর কখনও তদ্রপ অমুভব করে নাই।

তাহার বন্ধুবর্গ স্বভাবত:ই সাগ্রহে আশা করিতে-ছিলেন যে, কবে এই যুবকের স্বাভাবিক প্রবল শক্তি-গুলি স্থপরিস্ফুট হইবে—তাঁহারা সাগ্রহে সেই দিনের প্রতীক্ষায় ছিলেন, যে দিন সে কোন উচ্চ অধ্যাপক-

পদে নিযুক্ত হইয়া সাধারণের শ্রহ্মা ও সম্মানভাজন হইবে, সর্বেরাপরি উচ্চ বেতন ও পদম্য্যাদার ভাগী হইবে। কিন্তু কোণা হইতে মাঝে এই সংস্কৃত আসিয়া জুটিল! অধিকাংশ ইউরোপীয় পণ্ডিত তখন ইহার নামও শুনেন নাই—আর উহাতে পয়সা হইবে ? আমি পূর্বেই বলিয়াছি, সংস্কৃত ভাষায় পণ্ডিত হইয়া অর্থোপার্চ্জন পাশ্চাত্য দেশে এখন অসম্ভব ব্যাপার। তথাপি আমা-দের আলোচ্য যুবকটির সংস্কৃত শিখিবার আগ্রহ অতি প্রবল হইল। ফু:খের বিষয়, আধুনিক ভারতীয় আমাদের পক্ষে বিদ্যার জন্ম বিদ্যা শিক্ষার আগ্রহটা কিরূপ ব্যাপার, তাহা বুঝাই কঠিন হইয়া দাঁড়াইয়াছে। তথাপি আমরা এখনও নবদ্বীপ, বারাণসী এবং ভারতের অস্থায় কোন কোন স্থানেও পণ্ডিতগণের ভিতর, বিশেষ শম্যাসীদের ভিতর বয়ক্ষ ও যুবক উভয় শ্রেণীর লোকেরই সাক্ষাৎকার লাভ করি, যাহারা বিছার জন্ম বিদ্যা— জ্ঞানের জন্ম জ্ঞানলাভের এইরূপ তৃষ্ণায় উন্মন্ত। আধুনিক ইউরোপীয় ভাবাপন্ন হিন্দুর বিলাসোপকরণশৃষ্ঠ, তাহাদের অপেক্ষা সহস্রগুণে অধ্যয়নের অল্ল মুষোগ-বিশিষ্ট রাতের পর রাত তৈল প্রদীপের ক্ষীণ আলোকে হস্তলিপি পুঁথির প্রতি নিবদ্ধদৃষ্টি, ( বাহাতে অন্য বে কোন জাতির ছাত্রের চক্ষুর দৃষ্টিশক্তি সম্পূর্ণরূপে নফ

হইতে পারিত ) কোন চুর্লভ হস্তলিপি পুঁথি বা বিখ্যাত অধ্যাপকের অনুসন্ধানে শত শত ক্রোশ ভিক্ষামাত্রোপ-জীবী হইয়া পদত্রজে:ভ্রমণকারী, বৎসরের পর বৎসর— যতদিন না কেশ শুভ হইতেছে ও বয়সের ভারে শরীর অক্ষম হইয়া পড়িতেছে—নিজ পঠিতব্য বিষয়ে অদ্ভূত-ভাবে দেহমনের সমুদয় শক্তি প্রয়োগপরায়ণ—এরূপ ছাত্র ঈশরকৃপায় এদেশ হইতে এখনও একেবারে লুপ্ত হয় নাই। এখন ভারত যাহাকে নিজ মূল্যবান্ সম্পত্তি বলিয়া গৌরব করিয়া থাকে, তাহা নিশ্চিতই অতীত কালে তাহার উপযুক্ত সন্তানগণের এতাদৃশ পরিশ্রমের ফলস্বরূপ আর ভারতীয় প্রাচীন যুগের পণ্ডিতগণের পাণ্ডিত্যের গভীরতা ও সারত্ব এবং উহার স্বার্থগন্ধহীনতা ও উদ্দেশ্যের—ঐকাস্তিকতার সহিত আধুনিক ভারতীয় বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষায় যে ফললাভ হইতেছে তাহার তুলনা করিলেই আমার উপরোক্ত মস্ভব্যের সত্যতা প্রতীয়মান হইবে। যদি ভারতবাসিগণ তাহাদের ঐতিহাসিক অতীত্যুগের মত অস্থাস্থ জাতির মধ্যে নিজ পদগোরব প্রতিষ্ঠিত করিয়া আবার উঠিতে চায়, তবে আমাদের দেশবাসিগণের জীবনে যথার্থ পাণ্ডিত্যের জন্ম সার্থহীন অকপট উৎসাহ ও থাঁটি অকপট চিন্তাশক্তি আবার প্রবলভাবে জাগরিত হওয়া

আবশ্যক। এইরূপ জ্ঞানস্পৃহাই জার্মনিকে তাহার বুরী পদবীতে—জগতের সমৃদয় জাতির মধ্যে সর্ববশ্রেষ্ঠ না হউক, শ্রেষ্ঠগণের অহাতম পদবীতে—উন্নীত করিয়াছে। একণে যাহা বলিতেছিলাম-এই জার্মান ছাত্রের হাদয়ে সংস্কৃতশিক্ষার বাসনা প্রবল হইয়াছিল। এই সংস্কৃতশিক্ষা করিতে দীর্ঘকাল ধরিয়া অধ্যবসায়-সহকারে পাহাড় চড়াইএর মত কঠোর পরিশ্রম করিতে হয়। আর এই পাশ্চাত্য বিদ্যার্থীর ইতিহাসও অফ্যান্থ সফলকাম বিভার্থিগণের জগৎপ্রসিদ্ধ ইতিহাসের মত-তাহাদের স্থায় এই যুবকও কঠোর পরিশ্রম করিয়া অনেক তুঃথকষ্ট ভোগ করিয়া অদম্য উৎসাহের নিজত্রতে দৃঢ়ভাবে লাগিয়া থাকিয়া পরিণামে বাস্তবিকই যথার্থ বীরজনোচিত সাফল্যের গোরবমুকুটে ভূষিত হইল। আর এখন—শুধু ইউরোপ নহে, সমগ্র ভারতই এই কিল বিশ্ববিদ্যালয়ের দর্শনাধ্যাপক পল ভয়সেন নামক ব্যক্তিকে জানে। আমি আমেরিকা ও ইউরোপে অনেক সংস্কৃত শান্ত্রের অধ্যাপক দেথিয়াছি—তাঁহাদের মধ্যে অনেকে বৈদান্তিক ভাবের প্রতি অতিশয় সহামু-ভূতিসম্পন্ন। আমি তাঁহাদের মনীবার ও নিঃস্বার্থ কার্য্যের ে উৎসর্গীকৃত জীবন দেখিয়া মুগ্ধ। কিন্তু পল ডয়সেন ( অথবা ইনি ষেমন সংস্কৃতে নিজে দেবসেনা বলিয়া

অভিহিত হইতে পছন্দ করেন) এবং বৃদ্ধ ম্যাক্সমূলারকে আমার ভারতের ও ভারতীয় চিন্তাপ্রণালীর
সর্বাপেক্ষা অকৃত্রিম বন্ধু বলিয়া ধারণা হইয়াছে। কিল
নগরে এই উৎসাহী বৈদান্তিকের নিকট আমার প্রথম
যাত্রা, তাঁহার ভারতস্থমণের সঙ্গিনী মধুরপ্রকৃতি সহধর্মিণী ও তাঁহার হৃদয়ানন্দদায়িনী বালিকা কন্যা, জার্মানি
ও হল্যাণ্ডের মধ্য দিয়া আমাদের একত্রে লগুনযাত্রা
এবং লগুনে ও উহার আশেপাশে আমাদের আনন্দজনক
মিলনসমূহ—আমার জীবনের অন্যান্থ মধুময় শ্মৃতির
সহিত উহাদের অন্যতম অংশরূপে চিরকাল হৃদয়ে
গ্রেথিত থাকিবে।

ইউরোপের প্রথম যুগের সংস্কৃতজ্ঞগণের সংস্কৃতচর্চার ভিতর সমালোচনাশক্তি অপেক্ষা কল্লনাশক্তি অধিক ছিল। তাঁহারা জানিতেন অল্ল. সেই অল্ল জ্ঞান হইতে আশা করিতেন অনেক, আর অনেক সময় তাঁহারা অল্ল-স্বল্প বাহা জানিতেন, তাহা লইয়াই বাড়াবাড়ি করিবার চেক্টা করিতেন। আবার, সেই কালেও শকুন্তলাকে ভারতীয় দর্শনশাল্রের চরম সিদ্ধান্ত বলিয়া মনে করা স্কুপ পাগলামীও একেবারে অজ্ঞাত ছিল না। ইহাদের পরেই স্বভাবত:ই একদল স্থুলদর্শী সমালোচক সম্প্র-দায়ের অভ্যুদয় হইল—ভাহাদিগকে প্রকৃত পণ্ডিতপদ-

বাচাই বলা যাইতে পারে না—প্রথমোক্ত দলের প্রতি-ক্রিয়া স্বরূপেই ইঁহাদের অভাদয়। ইঁহারা সংস্কৃতের কিছু জানিতেন না বলিলেই হয়ত সংস্কৃত চৰ্চ্চা হইতে কোনরূপ ফললাভের আশা করিতেন না. বরং প্রাচ্যদেশীয় যাহা কিছু সমুদয় লইয়াই উপহাস করিতেন। প্রথমোক্ত দলের—যাঁহারা ভারতীয় সাহিত্যে কল্লনার চক্ষে কেবল নন্দনকাননই দর্শন করিতেন তাঁহাদের রুখা কল্পনা-প্রিয়তার ইহারা কঠোর সমালোচনা করিলেন বটে, কিন্তু ইঁহারা নিজেরা আবার এমন সকল সিদ্ধান্ত করিতে लागित्नन एव, दिनी किंदू ना विलित्त छैशामिशरक छ প্রথমোক্ত দলের সিদ্ধান্তের মতই বিশেষ অসমীচীন ও অতিশয় চুঃসাহসিক বলা যাইতে পারে। আর এ ুবিষয়ে তাঁহাদের সাহস স্বভাবতঃই বাড়িয়া ষাইবার কারণ এই যে, এই ভারতীয় ভাবের প্রতি সহামুভূতি-লেশশৃষ্য ও না ভাবিয়া চিন্তিয়া হঠাৎ সিদ্ধান্তকারী পণ্ডিত ও সমালোচকগণ এমন শ্রোতৃবর্গের নিকট তাঁহাদের বক্তব্য বিষয়গুলি বলিতেছিলেন, বাঁহাদের ঐ বিষয়ে কোনরূপ মতামত দিবার অধিকার ছিল কেবল তাঁহাদের সংস্কৃত ভাষাসম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞতা। এইরূপ সমালোচক পণ্ডিতগণের নিকট হইতে নানারূপ বিরুদ্ধ সিদ্ধান্ত প্রসূত হইবে, তাহাতে বিম্ময়ের বিষয় আর

কি আছে ? হঠাৎ হিন্দু বেচারা একদিন প্রাতঃকালে জাগিয়া দেখিল, যাহা তাহার ছিল, তাহার কিছুই নাই —এক অপরিচিত জাতি তাহার নিকট হইতে তাহার শিল্প কাড়িয়া লইয়াছে, আর একজন তাহার স্থাপত্য-বিছা কাড়িয়া লইয়াছে, আর এক তৃতীয় জাতি তাহার প্রাচীন বিজ্ঞান সমুদর কাড়িয়া লইয়াছে, এমন কি, তাহার ধর্মত তাহার নিজের নহে, উহাও পহলবজাতীয় প্রস্তরখণ্ডের অঙ্গে ভারতে আসিয়াছে! এইরূপ মৌলিক-গবেষণাপরম্পরারূপ উত্তেজনাপূর্ণ যুগের পর এখন অপেক্ষাকৃত ভাল সময় আসিয়াছে। এখন লোকে বুঝিয়াছে, বাস্তবিক কিছু সংস্কৃতগ্রন্থের সহিত কতকটা সাক্ষাৎ পরিচয় ও আলোচনাজনিত পাকা জ্ঞানের মূলধন না লইয়া কেবল হঠকারিতা সহকারে আন্দাজি কতকগুলি যা তা সিদ্ধান্ত করিয়া বসা, প্রাচ্যতব্গবেষণা ব্যাপারেও হাস্টোদ্দীপক অসাফল্যই প্রসব করে আর ভারতে যে সকল কিম্বদন্তি বছকাল হইতে প্রচলিত আছে, সেগুলিকেও সদস্ত অবজ্ঞাসহকারে উড়াইয়া **मिल्ल हिलार ना ।** कात्रण, **উ**रामित्र मर्था धमन अरनक জিনিষ আছে, যাহা লোকে স্বপ্নেও ভাবিতে পারে না।

স্থের বিষয়, ইউরোপে আজকাল একদল নূতন ধরণের সংস্কৃত পণ্ডিতের অভ্যুদয় হইতেছে—শ্রহ্ধাবান

সহামুভূতিসম্পন্ন ও যথার্থ পণ্ডিত। ইঁহারা শ্রদ্ধাবান, কারণ, ইহারা অপেক্ষাকৃত উচ্চদরের লোক আর সহামু-ভূতিসম্পন্ন, কারণ, ইহারা বিদ্বান্। আর আমাদের ম্যাক্সমূলারই প্রাচীনদল রূপ শৃষ্খলের সহিত নৃতন দলের সংযোগগ্রন্থিস্বরূপ। হিন্দু আমরা পাশ্চাত্যদেশীর অস্থান্য সংস্কৃতজ্ঞ পণ্ডিতদের অপেক্ষা অবশ্য ইহারই নিকট অধিক ঋণী, আর তিনি যৌবনাবস্থায় তদবস্থোচিত উৎ-সাহের সহিত যে স্ববৃহৎ কার্য্য আরম্ভ ক্রিয়া বৃদ্ধাবস্থায় সাফল্যে পরিণত করিয়াছিলেন, তাহার কথা ভাবিতে গেলে আমার বিস্ময়ের অবধি থাকে না। ইঁহার সম্বন্ধে একবার ভাবিয়া দেখ—হিন্দুদের চক্ষেও অস্পষ্ট লেখা প্রাচীন হস্কলিপি পুঁথি লইয়া দিনরাত ঘাঁটিতেছেন— উহা আবার এমন ভাষায় রচিত, যাহা ভারতবাসীর পক্ষে আয়ত্ত করিতেও সারাজীবন লাগিয়া যায়; এমন কোন অভাবগ্রস্ত পণ্ডিতের সাহাষ্যও পান নাই, যাঁহাকে মাসে মাসে কিছু দিলে তাঁহার মাথাটা কিনিয়া লইতে পারা যায়; আর 'অতি নূতন গবেষণাপূর্ণ' কোন পুস্তকের. ভূমিকার যাঁহার নাুমটির উল্লেখ মাত্র করিলে বইখানির কদর বাড়িয়া যায়। এই ব্যক্তির কথা ভাবিয়া দেখ— সময়ে সময়ে সায়ন ভায়্যের অন্তর্গত কোন শব্দ বা বাক্যের যথার্থ পাঠোদ্ধারে ও অর্থ আবিষ্কারে দিনের পর দিন

ও কখনও কখনও মাসের পর মাস কাটাইয়া দিতেছেন (তিনি আমাকে স্বয়ং এই কথা বলিয়াছেন), এবং এই দীর্ঘকালব্যাপী অধ্যবসায়ের ফলে পরিশেষে বৈদিক সাহিত্যরূপ জঙ্গলের মধ্য দিয়া অপরের পক্ষে চলি-বার জন্ম সহজ রাস্তা প্রস্তুত করিয়া দিতে কৃতকার্য্য হইয়াছেন; এই ব্যক্তি ও তাঁহার কার্য্য সম্বন্ধে ভাবিয়া দেখ, তার পর বল, তিনি আমাদের জন্ম বাস্তবিকই কি করিয়াছেন। অবশ্য তিনি তাঁহার বহু রচনার মধ্যে যাহা কিছু বলিয়াছেন, আমরা সেই সকলের সহিত সকলে একমত না হইতে পারি, এইরূপ সম্পূর্ণ একমত হওয়া অবশ্যই অসম্ভব। কিন্তু ঐক্যমত হউক বা নাই হউক, এ সত্যটিকে কখন অপলাপ করা যাইতে পারে না যে, আমাদের পূর্বব পুরুষগণের সাহিত্য রক্ষা, উহার বিস্তার এবং উহার প্রতি শ্রদ্ধা উৎপাদনের জম্ম আমাদের মধ্যে যে কেহ যতদূর করিবার আশা করিতে পারি, এই এক ব্যক্তি তাহার সহস্রগুণ অধিক করিয়াছেন, আর তিনি এই কার্য্য অভিশয় শ্রদ্ধা ও প্রেমপূর্ণ অন্তরের সহিত করিয়াছেন।

যদি ম্যাক্সমূলারকে এই নৃতন আন্দোলনের প্রাচীন অগ্রদৃত বলা যায়, তবে ডয়সেন নিশ্চিতই উহার একজন নবীন নেতৃপদবাচ্য, তিধিবয়ে সন্দেহ নাই।

আমাদের প্রাচীন শান্ত্রখানিতে যে সকল ভাব ও আধ্যাত্মিকতার অমূল্য রত্নসমূহ নিহিত আছে, ভাষা-তত্ত্বের আলোচনার আগ্রহ অনেক দিন ধরিয়া তাহা-দিগকে আমাদের দৃষ্টির অন্তরালে রাখিয়াছিল। ম্যাক্সমূলার তাহাদের কয়েকটিকে সম্মুখে আনিয়া সাধারণের দৃষ্টিগোচর করিলেন এবং শ্রেষ্ঠতম ভাষা-তত্ত্ববিৎ বলিয়া তাঁহার কথার যে প্রামাণা, তদ্বলে তিনি উহাতে সাধারণের মনোযোগ বলপূর্ববক্ক আকর্ষণ করি-লেন। ভয়সেনের ভাষা-তত্ত্ব আলোচনার দিকে আগ্রহ-ক্লপ কোন ঝোঁক ছিল না। বরং তিনি দার্শনিক শিক্ষায় স্থাশিকত ছিলেন—তাঁহার প্রাচীন গ্রীস ও বৰ্ত্তমান জাৰ্ম্মান তত্বালোচনাপ্ৰণালী ও সিদ্ধান্তসমূহ বিশেষ জানা ছিল—তিনি ম্যাক্সমূলারের ধুয়া ধরিয়া অতি সাহসের সহিত উপনিষদের গভীর দার্শনিক তত্ত্বসাগরে ডুব দিলেন, দেখিলেন, উহাতে কোন গলদ নাই বরং উহা আমাদের বুদ্ধিবৃত্তি ও হৃদয়ের দাবি সম্পূর্ণ চরিতার্থ করে—তথন তিনি আবার তক্ষপ সাহসের সহিত ভবিষয় সমগ্র জগতের সমক্ষে ঘোষণা করিলেন। পাশ্চাত্য পণ্ডিতবর্গের মধ্যে একমাত্র ভয়সেনই বেদাস্তসম্বন্ধে তাঁহার মত থুব স্বাধীনভাবে ব্যক্ত করিয়াছেন। অধিকাংশ পণ্ডিত বেমন অপরে কি বলিবে

এই ভয়ে জড়সড়, ডয়সেন তদ্রপ কখনও অপরের মতামতের অপেক্ষা রাখেন নাই। বাস্তবিক এই জগতে এমন সাহসী লোকের আবশ্যক হইয়াছে, যাঁহারা সাহ-সের সহিত প্রকৃত সত্যসম্বন্ধে তাঁহাদের মতামত প্রকাশ করিতে পারেন! ইউরোপসম্বন্ধে একথা আবার বিশেষ্-ভাবে সত্য-তথাকার পণ্ডিতবর্গ এমন সকল বিভিন্ন ধর্ম্মত ও আচার ব্যবহারের কোনরূপে সমর্থন ও তাহাদের দোকভাগ চাপা দিবার চেন্টা করিতেছেন. যেগুলিতে সম্ভবতঃ তাঁহাদের অনেকে যথার্থভাবে বিশাসী নহেন। স্থতরাং ম্যাক্সমূলার ও ডয়সেনের এইরূপ সাহসের সহিত খোলাখুলিভাবে সত্যের সমর্থনের জন্ম বাস্তবিক তাঁহার। বিশেষরূপ প্রশংসার ভাগী। প্রার্থনা করি, তাঁহারা আমাদের শাস্ত্রসমূহের গুণভাগ প্রদর্শনে যেরূপ সাহসের পরিচয় দিয়াছেন, তজ্রপ সাহসের সহিত উহার দোষভাগ—পরবর্ত্তিকালে ভারতীয় চিন্তা প্রণালীতে যে সকল গলদ প্রবেশ করিয়াছে, বিশেষতঃ আমাদের সামাজিক প্রয়োজনে উহাদের প্রয়োগ সম্বন্ধে যে সকল ক্রটী হইয়াছে—তাহাও সাহসের সহিত প্রদর্শন করুন। বর্তুমানকালে আমাদের এইরূপ খাঁটী বন্ধুর সাহায্য বিশেষ প্রয়োজন হইয়া পড়িয়াছে,— যাঁহার। ভারতে যে রোগ দিন দিন বিশেষ প্রবল হইয়া

উঠিতেছে, অর্থাৎ একদিকে দাসবৎ প্রাচীন প্রথার অতি চাটুবাদী দল—যাঁহারা প্রত্যেক গ্রাম্য কুসংস্কারকে আমাদের শান্তের সার সত্য বলিয়া ধরিয়া থাকিতে চান, আবার অপরদিকে পৈশাচিক নিন্দাকারিগণ— যাঁহারা আমাদের মধ্যে ও আমাদের ইতিহাসের মধ্যে ভাল কিছু দেখিতে পান না এবং পারেন ত এই ধর্ম্ম ও দর্শনের লীলাভূমি আমাদের প্রাচীন জন্মভূমি সমুদর আধ্যাত্মিক ও সামাজিক প্রতিষ্ঠানগুলিকে এখনই ভাঙ্গিয়া চুরিয়া ধৃলিসাৎ করিতে চাহেন, এই উভয়দলের চুড়াস্ত একদেশী ভাবের গতিরোধ করিতে পারেন।

# উদ্বোধন

খানী বিবেকানন্দ-প্রতিষ্ঠিত 'রামকৃষ্ণ-মঠ'-পরিচালিত মাসিক পত্র। অগ্রিম বার্ষিক মূল্য সন্তাক ২৮০ টাকা। উদ্বোধন-কার্যালরে খানী বিবেকানন্দের ইংরাজী ও বাঙ্গলা সকল গ্রন্থই পাওরা যার। 'উদ্বোধন' গ্রাহকের পক্ষে বিশেষ স্থাবি।। নিমে স্রষ্টব্য:—

411111111111111111111111111111111111111	<b>শাধার</b> শের	উ <b>ৰোধন-গ্ৰাহকে</b> র
পুস্তক	পকে	পদে
বাঙ্গলা রাজযোগ ( ৭ম সংশ্বরণ )	>1+	54.
" জ্ঞানযোপ( ৯ম ঐ )	78 •	31-/-
" ভক্তিযোগ ( > ম ঐ )	h.	1-/-
" কৰ্দ্মহোগ (১১শ ঐ)	Ne	B√ •
<ul> <li>পত্ৰাবলী ( পাঁচ খণ্ড ) প্ৰতি খণ্ড</li> </ul>	24-	1.
" ভক্তি-রহস্ত ( ৫ম ঐ )	N.	1-/-
<ul> <li>চিকাগো বন্ধতা ( ৬% ঐ )</li> </ul>	100	V•
"ভাব্বার কথা (৬ ঠ ঐ )	1.	14-
্ প্রাচ্য ও পাশ্চাত্য (৮৯ ঐ)	<b>#</b> •	hy/ •
" পরিব্রাজক ( ৫ম ঐ )	<b>1</b> 2•	1 <sub>9</sub> / •
" ভারতে বিবেকানন্দ ( 🖦 🖣 )	>M•	>11-/-
" বর্ত্তমান ভারত ( ৭ম ঐ )	14-	V*
<ul> <li>মদীয় আচায়্দেব ( ৽র্ম ঐ )</li> </ul>	1d+	V-
" বিবেক-বাণী ( ৭ম সংক্ষরণ )	4.	<b>.</b> /•
" পওহারী বাবা ( ৪র্ব ঐ )	J.	4/3 •
"ছিন্দুধৰ্ম্মের নব জাগরণ (২য় ঐ)	14-	1/-
" সহাপুরুষ প্রসঙ্গ ( ৩র ঐ )	1-/-	
<ul> <li>(मववानी ( हजूर्व मर )</li> </ul>	>,	nd-
" वीत्रवांगी ( ৮म मर)	v-	V.
" ধর্মবিজ্ঞান (৩য় সং)	h.	<b>g</b> -√ -
" ক্ৰোপকখন ( ৩্য় সং )	<b>∥</b> ₀/ •	1.

ন্দ্রীন্সীরামক্রম্ভ উপদেশ—(পকেট এডিশন) (১২শ সং) নামী ব্রহ্মানশ-সঙ্গতিত। মূল্য ৮৮ আনা

ভারতে শক্তিপুজা—বামী সারদানন্দ-প্রণীত (৫ম সংশ্বরণ) সুন্দার বীধাই মুলা ॥•—উদোধন-প্রাহক-পক্ষে।৶• আনা।

উদোধন কার্যালয়ের অস্তাস্ত গ্রন্থ এবং শ্রীরামকৃঞ্চদেবের ও স্বামী বিবেকানন্দের নানা রকমের ছবির ভালিকার জগু 'উদোধন' কার্যালয়ে পত্র লিখুন।

# পীভাভত্ত

স্বামী সাব্রদানন্দ এই বকুভাগুলি ১৩০৯ গাল হইতে (আরম্ভ করিয়া) কলিকাতা বিবেকানন্দ সমিতি, রামকুষ্ণ মিশন সভা প্রভৃতি বিভিন্ন স্থানে প্রদান করেন, তাহা প্রবন্ধাকারে উদ্বোধনে নিবদ্ধ ছিল, অধুনা গ্রন্থাকারে প্রকাশিত হইল। ভাব-খন-মূর্ত্ত-বিগ্রহ প্রীরামক্ষফদেবের অপূর্ব্ব দেব-জীবনের মধা দিয়া গীতাভত্ব ব্যাখ্যা করিয়া বক্তা সকল মানবকে বার্যাও বলসম্পন্ন করিবার প্রয়াস পাইয়াছিলেন। আশা করি জনসাধারণ এই গ্রন্থ পাঠ করিয়া আনন্দ ও চিত্তপ্রসাদ লাভ করিবেন। উত্তম বাঁধাই, এন্টিক কাগব্দে ছাপা, মৃল্য ১॥ আনা। উদ্বোধন-গ্রাহক-পক্ষে ১৯০ আনা।

# বিবিধ প্রসঙ্গ

সারদানন্দ স্বামিজীর বক্তৃতা-সংগ্রহের দ্বিতীয় পুস্তক। এথানিও স্থা-সমাজে যথেষ্ট সমাদর লাভ করিবে—ইহাই আমাদের বিশ্বাস। মূল্য ५० আনা মাত্র। উদ্বোধন গ্রাহকপক্ষে ॥४० আনা।

# গ্রীশ্রীমায়ের কথা

( সংশোধিত দ্বিতীয় সংস্করণ )

শ্রীমারের সন্ন্যাসী ও গৃহস্থ সন্তানগণ তাঁহার নিকট আসিরা य मन कथानाकी कुनिरुनं काहा कानरक है निस निस '**जाहे**न्रीरुक' লিখিয়া রাখিয়াছেন। তাঁহাদের, কয়েকজনের বিবরণী 'শ্রীশ্রীমায়ের কথা' শীৰ্ষক নিবন্ধে 'উছোধনে' ধারাবাহিকর্পে প্রকাশিত হই-য়াছিল। সাধারণের কল্যাণকর বিবেচনার উহাই পুনমু দ্রিত হইরা পুত্তকাকারে বাহির হইরাছে। ছয়খানি ছবি-সম্বাত - বাঁধাই ও ছাপা হুন্দর, ৩০৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য ২১ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান-উদ্বোধন কার্য্যালয়, বাগবাঞ্চার, কলিকাতা।